minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




সোমবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৬ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৬ আষাঢ় ১৪৩০ ॥ ২১ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ১০ জুলাই ২০২৩



## যশোর সদর ও অভয়নগরকে ডেঙ্গুর 'রেডজোন' ঘোষণা

**নিজস্ব প্রতিবেদক :** সারা দেশে ডেঙ্গুর প্রকোপ বাড়ছে। এর মধ্যে যশোরে লাফিয়ে-লাফিয়ে বাড়ছে ডেঙ্গুজ্বর আক্রান্ত রোগীর সংখ্যা। গত ৯ দিনে জেলায় মোট ৮০ জন ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়েছেন।
এ পরিস্থিতিতে সদর উপজেলা এবং অভয়নগর উপজেলাকে স্বাস্থ্য বিভাগ 'রেডজোন' ঘোষণা করেছে বলে নিশ্চিত করেছেন ডেপুটি সিভিল সার্জন ডা. নাজমুস সাদিক।
যশোর সিভিল সার্জন অফিস সূত্রে জানা গেছে, গত ১ জুলাই থেকে ৯ জুলাই এই ৯ দিনে জেলায় মোট ৮০ জন ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়েছেন। এর মধ্যে ৬৬ জন সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন।
যশোর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. পার্থ প্রিতম ২-এর পাতায় দেখুন

## ইসরায়েলের সঙ্গে বিএনপির গোপন আঁতাত আছে



**নিজস্ব প্রতিবেদক :** ইসরায়েল ও তার গোয়েন্দা সংস্থার সঙ্গে বিএনপির গোপন আঁতাত রয়েছে অভিযোগ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
তিনি বলেন, বিএনপির এক সিনিয়র নেতার সঙ্গে ইসরায়েলি গোয়েন্দা ২-এর পাতায় দেখুন

## অভ্যন্তরীণ বিষয়ে বিদেশিদের কাছে ধর্ণা দেওয়া দেশবিরোধী ও জনগণের অবমূল্যায়ন



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপি-জামায়াত বারবার বিদেশিদের কাছে ধর্ণা দেয়। এর অর্থ জনগণ ও জনগণের শক্তিকে অবমূল্যায়ন করা, জনগণকে তোয়াক্কা না করা।

## তথ্য ফাঁস হয়েছে ওয়েবসাইটের দুর্বলতায় দায় এড়ানোর সুযোগ নেই



**নিজস্ব প্রতিবেদক :** সরকারি একটি সংস্থার ওয়েবসাইট থেকে 'লাখ লাখ' মানুষের তথ্য ফাঁসের ঘটনাটি ঘটেছে কারিগরি দুর্বলতায়। কেউ ওয়েবসাইটটি হ্যাক করেনি।
এ কথা জানিয়েছেন তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী (আইসিটি) জুনাইদ আহমেদ।

# এক সময় আমরাও চাঁদে যাব, উড়োজাহাজ বানাব : শেখ হাসিনা

**নিজস্ব প্রতিবেদক :** "কোনো ধন সম্পদ কাজে আসবে না, একটা জিনিস কাজে আসবে সেটা হচ্ছে শিক্ষা।"
চতুর্থ শিল্প বিপ্লবের জন্য দেশকে প্রস্তুত করতে চাওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আরও দূরে। এক সময় বাংলাদেশ চাঁদে যাবে, উড়োজাহাজ বানাবে, এমন স্বপ্নও দেখছেন তিনি।
গতকাল রোববার সকালে সরকারপ্রধান তার কার্যালয়ে প্রধানমন্ত্রী ফেলোশিপ ২০২৩-২৪ এর নির্বাচিত ফেলোদের পুরস্কার



তুলে দেওয়ার অনুষ্ঠানে এ বিষয়ে কথা বলেন।
শিক্ষার্থীদেরকে অর্থের দিকে না ছুটে জ্ঞানার্জনে মনোনিবেশ করার পরামর্শ দিয়ে তিনি বলেন, "কোনো ধন সম্পদ কাজে আসবে না, একটা জিনিস কাজে আসবে সেটা হচ্ছে শিক্ষা।"
বাংলাদেশকে অনেক দূর এগিয়ে নিতে শিক্ষায় জোর দিয়ে তার সরকারের পদক্ষেপ তুলে ধরে শেখ হাসিনা বলেন, "আমরা অনেকগুলো বিশেষায়িত ২-এর পাতায় দেখুন

# বঙ্গবন্ধু সেতুতে ২৬ বছরে ৭ হাজার কোটি টাকা টোল আদায়

**নিজস্ব প্রতিবেদক :** যমুনা নদীতে নির্মিত বঙ্গবন্ধু সেতু উদ্বোধনের পর থেকে গত ২৬ বছরে ৭ হাজার ৮৭৯ কোটি ২৯ লাখ ৭১ হাজার ৫০০ টাকা টোল আদায় হয়েছে। ১৯৯৮ সালের জুন মাস থেকে চলতি বছরের জুন মাস পর্যন্ত যানবাহন পারাপার থেকে এ টোল আদায় করা হয়। যা সেতু নির্মাণে বিনিয়োগের প্রায় দ্বিগুণ।



১৯৯৮ সালের ২৩ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সেতুর উদ্বোধন করেন। এর নির্মাণ ব্যয় হয়েছিল ৩ হাজার ৭৪৫ কোটি ৬০ লাখ টাকা। সেতু নির্মাণকালে ২৫ বছরে বিনিয়োগের টাকা তুলে আনার লক্ষ্যমাত্রা ছিল। তবে নির্ধারিত সময়ের ৭ বছর আগেই এর নির্মাণ ব্যয় উঠে আসে। রাজধানী ঢাকার সঙ্গে উত্তর ও পশ্চিমাঞ্চলের মানুষের সড়কপথে যোগাযোগের জন্য ১৯৯৪ সালে যমুনা নদীর ওপর এ সেতুর নির্মাণ কাজ শুরু হয়। সেতুটি যমুনা নদীর পূর্ব তীরে টাঙ্গাইলের কালিহাতী ও ভূঞাপুর উপজেলা এবং পশ্চিম তীরে সিরাজগঞ্জ জেলাকে সংযুক্ত করেছে। ১৯৯৮ সালের ২৩ জুন উদ্বোধনের পর যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা হয়।
বঙ্গবন্ধু সেতু নির্মাণের পর এবারের ঈদুল আজহায় ২৪ ঘণ্টায় সর্বোচ্চ যানবাহন পারাপার হয়েছে। গত ২৭ জুন রাত ১২টা থেকে ২৮ জুন রাত ১২টা পর্যন্ত ৫৫ হাজার ৪৮৮টি গাড়ি সেতু পারাপারের বিপরীতে সর্বোচ্চ ২-এর পাতায় দেখুন

## ইইউ'র নির্বাচন পর্যবেক্ষক প্রতিনিধিদলের ঢাকা সফর শুরু

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগের নির্বাচনী পরিবেশ ও কাঠামো বিষয়ে সরেজমিন দেখতে আজ 'ইলেকশন এক্সপ্লোরেটরি মিশন' বা 'নির্বাচনবিষয়ক অনুসন্ধানী মিশন' শুরু করছে ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ)।
প্রতিনিধিদলের নেতা চেলেরি রিকার্ডো এবং সদস্য মেরি-হেলেন অ্যান্ডারলিন আজ ভোরে ঢাকায় পৌঁছেছেন। এর আগে, ইইউ ৬ সদস্যের প্রতিনিধিদলের ৪ জন সদস্য দুই ভাগে শনিবার ঢাকায় এসেছেন।
মূলত নির্বাচন কমিশনের (ইসি) আমন্ত্রণে আসা ইইউ প্রতিনিধি দলটি ২৩ জুলাই পর্যন্ত বাংলাদেশে অবস্থান করবে।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com ১০ জুলাই ২০২৩

## মহেশপুরে গ্রামীণ প্রাইভেট হাসপাতালে ভুল অপারেশনে প্রসূতির মৃত্যু

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুরে গ্রামীণ প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনেষ্টিক সেন্টারের ভুল অপারেশনে বিথী খাতুন নামে এক প্রসূতি মায়ের মৃত্যু হয়েছে। শনিবার রাত সাড়ে ৮ টার দিকে এ ঘটনা ঘটে। মৃত বিথী খাতুন বজরাপুর গ্রামের আলী কদরের মেয়ে।
পরিবারের অভিযোগ ভুয়া ডাক্তার দিয়ে অপারেশন করায় এ ঘটনা ঘটেছে। পুত্র সন্তানের জন্ম দিলেও ডাক্তারের ভুল অপারেশনে মারা গেছেন মা বিথী খাতুন।
বিথী খাতুনের পিতা আলী কদর জানান, মেয়ের প্রসব ব্যাথা উঠলে রাত সাড়ে ৭টার দিকে পাশ্ববর্তী খালিশপুরের ওই হাসপাতালে ভর্তি করা হয়।
হাসপাতালের মালিক জুলফিক্কার আলী নরমাল ডেলিভারি সম্ভব না মর্মে সিজার করাতে বলেন। পরে রাত সাড়ে ৮টার দিকে অপারেশন শুরু করেন। কিন্তু সময় পেরিয়ে গেলেও অপারেশন শেষ না হওয়ায় সন্দেহ হলে জোর পূর্বক অপারেশন রুমে গিয়ে দেখেন রোগী অজ্ঞান অবস্থায় পড়ে আছে। ডাক্তারের স্থানে দুইজন ২-এর পাতায় দেখুন

## নুরকে গ্রেপ্তারে স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিলেন ববি হাজ্জাজ

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রদ্রোহিতা এবং ধর্মীয় উষ্কানি তৈরির অভিযোগ এনে গণঅধিকার পরিষদের সদস্য সচিব নুরুল হক নুরকে গ্রেপ্তারে এবং জিজ্ঞাসবাদের মাধ্যমে প্রকৃত সত্য উদ্ঘাটনে স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিয়েছেন জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ।
গতকাল রোববার বিকালে রাজধানীর মালিবাগে অবস্থিত এনডিএম কেন্দ্রীয় কার্যালয়ে নুরকে গ্রেপ্তারের দাবিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান দলটির চেয়ারম্যান ববি হাজ্জাজ।
লিখিত বক্তব্যে তিনি উল্লেখ করেন, গণমাধ্যম, নিজ দলের শীর্ষ পর্যায়ের নেতৃবৃন্দ এবং ফিলিস্তিনের রাষ্ট্রদূতের ২-এর পাতায় দেখুন

# বিএনপি পিঠ বাঁচাতে আন্দোলন করছে : ইনু

**কুষ্টিয়া প্রতিনিধি :** জাসদ সভাপতি ও সংসদ সদস্য হাসানুল হক ইনু বলেছেন, গণতন্ত্রের জন্য নয়, বিএনপি এখন তাদের পিঠ বাঁচাতে আন্দোলন করছে। দন্ডিত, দুর্নীতিবাজ, সন্ত্রাসী নেতা-নেত্রীকে নিঃশর্তে বের করে আনাই তাদের লক্ষ্য। নির্বাচন নিয়ে মাথা না ঘামিয়ে তারা সংবিধান বদল করে নির্বাচনের আগেই সরকার উৎখাত করতে চায় এবং পরে একটি অস্বাভাবিক সরকার গঠন করতে চায়, যোগ করেন ইনু। রোববার বেলা ১২টায় কুষ্টিয়া সার্কিট হাউজে দলীয় নেতাকর্মীর সঙ্গে মতবিনিময়কালে সাংবাদিকদের ইনু এসব কথা বলেন।




বিএনপি গণতন্ত্রের আলখেল্লা পরে সাম্প্রদায়িক, জঙ্গিবাদী, সন্ত্রাসী কার্যক্রম করে, এরা সরাসরি ১৯৭১, ১৯৭৫ এর খুনি ও সামরিক শাসনের পক্ষে ওকালতি করে- এমন মন্তব্য করে ইনু ২-এর পাতায় দেখুন

## বুধবার বিএনপির এক দফা আন্দোলনের ঘোষণা

**নিজস্ব প্রতিবেদক :** আগামী বুধবার সরকার পতনের এক দফা আন্দোলনের কর্মসূচি ঘোষণা করবে বিএনপি। রাজধানীর বিভিন্ন পয়েন্টে আলাদা আলাদা সমাবেশ থেকে যুগপৎ কর্মসূচি ঘোষণা করবে বিএনপিসহ সমমনা বিরোধী দলগুলো।
গত শনিবার নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের (ভার্চুয়ালি) সভাপতিত্বে অনুষ্ঠিত প্রায় এক ঘণ্টার রুদ্ধদ্বার সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সমাবেশের অনুমতি চেয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাছে লিখিত আবেদন করা হবে।
দলীয় সূত্র জানায়, বুধবার দুপুর ২টায় ২-এর পাতায় দেখুন




## মেহেরপুর জেলার মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর জেলার মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিউজা-উল জান্নাহ, জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সুপার ডাঃ জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার, পিপি ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহে জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক মিটিং অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে জেলা আইন-শৃংখলা কমিটির মাসিক মিটিং অনুষ্ঠিত হয়েছে। রোববার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মিটিং অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলাম, পুলিশ সুপার




প্রেসক্লাবের সভাপতি এম.রায়হান, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি তেয়ব আলী জোয়াদ্দার, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আছাদুজ্জামান আছাদ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আশোক ধর, ঝিনাইদহের নারী ও আশিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্র নাথ রায়, শৈলকুপা পৌর মেয়র কাজী আশরাফুল আজম, কালীগঞ্জ পৌর মেয়র আশরাফুল ইসলাম, ঝিনাইদহ শিশু আদালতের পিপি মোঃ বজলুর রহমানসহ জেলার সকল নির্বাহী কর্মকর্তাগন। সভায় কয়েকটি গুরুত্বপুর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এর ২-এর পাতায় দেখুন

## এ বছর হজে গিয়ে ৯১ বাংলাদেশির মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** হজ করতে সৌদি আরবে গিয়ে আরও একজনের মৃত্যু হয়েছে। রোববার ধর্ম মন্ত্রণালয়ের হজ বুলেটিনে জানানো হয়, গত শুক্রবার ফাতেমা বেগম নামে ৫৩ বছর বয়সি ওই নারীর মৃত্যু হয়। তবে তার মৃত্যুর কারণ বা বিস্তারিত তথ্য বুলেটিনে জানানো হয়নি।
ধর্ম মন্ত্রণালয় জানিয়েছে, চলতি বছর হজে গিয়ে সব মিলিয়ে ৯১ বাংলাদেশির মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৬৯ পুরুষ; ২২ নারী। এর মধ্যে মক্কায় ৭৫ জন, মদিনায় ৫, মিনায় ৭, আরাফায় ২, জেদ্দায় ১ জন ও মুজদালিফায় ১ জন মারা গেছেন।



## সারাদেশে চিকিৎসক নিগ্রহের বিরুদ্ধে ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** সারাদেশে চিকিৎসক নিগ্রহের বিরুদ্ধে ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে ঝিনাইদহ সদর হাসপাতাল চত্বরে এ মানববন্ধন কর্মসূচির আয়োজন করে ওজিএবি ও বাংলাদেশের সর্বস্তরের চিকিৎসকবৃন্দ। ঘন্টাব্যাপী এ মানববন্ধনে সদর হাসপাতালের নার্স ও চিকিৎসকরা ২-এর পাতায় দেখুন

# চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য পদে মনোনয়ন প্রত্যাশী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহরিয়ার লন্টুর গণসংযোগ

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গা-২ আসনে সংসদ সদস্য পদে মনোনয়ন প্রত্যাশী সাবেক ছাত্রলীগ নেতা বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু নির্বাচনী এলাকায় গণসংযোগ শুরু করেছেন। গত কয়েকদিন যাবত তিনি দামুড়হুদা ও জীবননগর উপজেলার কয়েকটি ইউনিয়নে গণসংযোগ করেছেন।



বীর মুক্তিযোদ্ধা প্রয়াত মীর্জা সুলতান রাজার ছোট ভাই।
চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার মদনা-পারকৃষ্ণপুর ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মীর্জা ময়েজ উদ্দিন আহমেদের ছেলে মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু। তিনি চুয়াডাঙ্গা পৌর এলাকার ৪নং ওয়ার্ডের শেখপাড়ার মীর্জা মঞ্জিলে বসবাস করেন। ব্যবসায়ী কারণে তিনি বর্তমানে রাজধানী ঢাকার গ্রীন রোডের বাসিন্দা। তিনি বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য ও চুয়াডাঙ্গা-২ আসানের সাবেক সংসদ সদস্য ২-এর পাতায় দেখুন



## দামুড়হুদায় অনূর্ধ্ব-১৭ বঙ্গবন্ধু গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের খেলা অনুষ্ঠিত

**দামুড়হুদা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদায় অনূর্ধ্ব-১৭ বঙ্গবন্ধু গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের খেলা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় অংশ গ্রহন করে দর্শনা পৌরসভা বনাম পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়ন ফুটবল একাদশ। খেলায় দর্শনা পৌরসভা ২-১ গোলে পারকৃষ্ণপুর-মদনা ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## কালীগঞ্জে মধ্যরাতে ছুরিকাঘাতে যুবককে হত্যা



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মধ্যরাতে বন্ধুকে মোবাইলে কল করে ডেকে এনে ছুরিকাঘাত করে হত্যা করেছে মেহেদী হাসান (২৪) নামে এক যুবককে। শনিবার দিবাগত রাতে পৌর এলাকার ফয়লা মাস্টার পাড়ায় এ ঘটনা ঘটে। ছুরিকাঘাতে নিহত মেহেদী হাসান ওই এলাকার সফর আলীর ছেলে।
এ ঘটনায় রাতেই ঘাতক আকরাম হোসেনকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ। এছাড়া আটককৃত আকরামের ভাই সাদ্দাম হোসেন পলাতক রয়েছে। আটক আকরাম হোসেন একই এলাকার তোফাজ্জেল হোসেনের ছেলে।
নিহত মেহেদীর মা সাবিয়া বেগম জানান, তার ছেলের ভিসা-পাসপোর্টসহ বিমানের টিকিট হয়ে গেছে। আর তিন দিন ২-এর পাতায় দেখুন

# খুলনা জেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা জেলা আইনশৃঙ্খলা কমিটির জুলাই মাসের সভা রবিবার জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফীন। সভায় পুলিশ সুপার মোহাম্মদ মাহবুব হাসান জানান, খুলনা জেলায় সংঘটিত অপরাধমূলক ঘটনাগুলোর ওপর পুলিশের নজরদারি রয়েছে।




অনেকগুলো ঘটনার কারণ উদঘাটন ও অপরাধীকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। পুলিশের নিয়মিত কার্যক্রমের মাধ্যমে অনেক অপরাধ প্রতিরোধ করা সম্ভব হচ্ছে। সিভিল সার্জন ডাঃ সুজাত আহমেদ সভায় জানান, সারাদেশের ন্যায় খুলনাতেও ডেঙ্গুজরের প্রাদুর্ভাব বাড়ছে। গতকাল নুতন করে জেলায় ১০ জন ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

সোমবার ১০ জুলাই ২০২৩

# অকেজো ও উড্ডয়ন অযোগ্য বিমান নিলামের উদ্যোগ



**স্টাফ রিপোর্টার :** দীর্ঘদিন ধরেই হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ১২টি অকেজো ও উড্ডয়ন অযোগ্য বিমান পড়ে রয়েছে। পরিত্যক্ত উড়োজাহাজগুলো বিমানবন্দরের উত্তর পাশের জেনারেল্ এভিয়েশন হ্যাঙ্গারের সামনে পার্কিং করা। সারি সারি পড়ে থাকা এসব উড়োজাহাজ বিমানবন্দরের গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। বার বার চিঠি দেয়ার পরও উড়োজাহাজ মালিকানা কোম্পানিগুলো কোনো সাড়া দেয়নি। আর কোনো সাড়া না পেয়ে চূড়ান্ত পদক্ষেপ হিসেবে বছরখানেক আগে বিমানগুলোর নিলামের উদ্যোগ নেয়া হয়েছিল। কিন্তু আইনি জটিলতায় কিছুটা বিলম্ব হওয়ায় শেষ পর্যন্ত অ্যাটর্নি জেনারেলের পরামর্শ দিয়ে এগুলো আইনি কাঠামোতে বৈধ প্রক্রিয়া অনুসরণ করে নিলামে তোলার একক এখতিয়ার পেয়েছে বেবিচক। এখন দ্রুতই নিলাম প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। আশা করা হচ্ছে থার্ড টার্মিনাল চালু হওয়ার আগেই নিলাম সম্পন্ন করা সম্ভব। অকেজো ওসব বিমান সরিয়ে নেয়া হলে কমপক্ষে ৭/৮টি উড়োজাহাজ এখানে পার্কিং করা সম্ভব হবে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, অকেজো ও উড্ডয়ন অযোগ্য উড়োজাহাজগুলো বিগত এক দশকেরও বেশি সময় ধরে বিমানবন্দরে পড়ে আছে। এসব উড়োজাহাজের মালিকানা বিভিন্ন বেসরকারি এয়ারলাইন্স কোম্পানি। ওসব এয়ারলাইন্স এখন বন্ধ। পরিত্যক্ত উড়োজাহাজ সরিয়ে নিতে ওসব প্রতিষ্ঠানকে কয়েক দফা চিঠি পাঠানো হয়। তাতে কোনো সাড়া না পেয়ে বছরখানেক আগে নিলামের উদ্যোগ নেয়া হয়েছিল। তখন কয়েকজন মালিক বকেয়া পরিশোধে ছয় মাসের সময় চান। ছয় মাস পরে তাদের আর কোনো সাড়া মেলেনি। ফলে দীর্ঘদিন বিমানবন্দরের ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে বিভিন্ন প্রলোভনে প্রতিবন্ধী কিশোরীর সাথে সর্ম্পক অতঃপর ৪ মাসের অন্তসত্তা

**মো ঃ আজাদ :** ঝিনাইদহের মহেশপুরে বিভিন্ন প্রলোভন দেখিয়ে এক বুদ্ধি প্রতিবন্ধী (১৬) কিশোরীর সাথে সর্ম্পকের অভিযোগ উঠেছে মহর আলী (৫০) নামে এক ব্যাক্তি বিরুদ্ধে। বর্তমানে বুদ্ধি প্রতিবন্দী কিশোরী ৪ মাসের অন্তসত্তা। ঘটনাটি ঘটেছে মহেশপুর উপজেলার আজিবাড়ি নওদাগ্রামের মন্ডল পাড়ায়।

প্রতিবন্দী কিশোরীর পরিবার ও অভিযোগ সুত্রে জানাগেছে, মহেশপুর উপজেলার আজিবাড়ী নওদাগ্রামের মন্ডল পাড়ার মৃত ইউসুফ আলীর ছেলে মহর আলী প্রায় এক বছর ধরে বিভিন্ন সময় বিবাহ ও বিভিন্ন প্রলোভন দেখিয়ে একই গ্রামের মিলন হোসেনের বুদ্ধি প্রতিবন্দী কন্যা ছনিয়া খাতুনের (১৬) সাথে অবৈধ ভাবে দৈহিক মেলামেশা করে আসছিল। এক পর্যায়ে গত ২৪ জুন বিকাল ৩ টার দিকে বিবাহের প্রলোভন দেখিয়ে প্রতিবন্দীর বাড়ির উত্তর পাশে একটি লেবু বাগানে নিয়ে যায় এবং তার ইচ্ছার বিরুদ্ধে বুদ্ধি প্রতিবন্দি কিশোরীর সাথে পূনরায় দৈহিক মেলামেশা করে। তারপর থেকে বুদ্ধি প্রতিবন্দি কিশোরী অন্তসত্তা হয়ে পড়ে। বর্তমানে বুদ্ধি প্রতিবন্দী কিশোরী ৪ মাস ১১ দিনের অন্তসত্তা।

এ ঘটনায় মহেশপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন বুদ্ধি প্রতিবন্দী কিশোরীর পিতা মিলন হোসেন।

অন্তসত্তা ২-এর পাতায় দেখুন

# পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন বাতিলের দাবি নিয়ে হাইকোর্টে যাচ্ছেন বিরোধীরা



**নিজস্ব প্রতিবেদক :** ভারতের পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে ব্যাপক সহিংসতার প্রতিবাদে কলকাতায় নির্বাচন কমিশনারের দপ্তরের সামনে বিক্ষোভ করেছে বিজেপি ও বামদলের সদস্যরা। তারা অবিলম্বে এ নির্বাচন বাতিলের দাবি তুলেছে। বিক্ষোভ থেকে নিবার্চন বাতিলের দাবিতে হাইকোর্টের দ্বারস্থ হওয়ার ঘোষণা এসেছে।

এদিকে গতকাল শনিবার ভোটগ্রহণের দিনে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় নির্বাচনী সহিংসতায় ১৭ জনের প্রাণ গেছে। বিক্ষোভে অংশ নিয়ে পশ্চিমবঙ্গ রাজ্যের বিরোধী দলের নেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যের বাদুরিয়া, নিমতিতাসহ বিভিন্ন ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসারকে ভয় দেখিয়ে ব্যালট পেপার ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। উত্তর দিনাজপুরের ইসলামপুর ভোটকেন্দ্রে সকাল ৮টার মধ্যে তৃণমূলের নামধারী ভোট লুট বাহিনীর সদস্যরা ব্যালট নিয়ে তাতে সিল দিয়ে তা ব্যালট বাক্সে ভরে দেয়। এরপরেই তারা ভোটারদের জানিয়ে দেন, ভোট শেষ। রাজ্যজুড়ে ব্যাপক সহিংসতা হয়েছে বলে উল্লেখ করে শুভেন্দু অধিকারী বলেন, অনেক জায়গায় ব্যালট বাক্স ছিনতাই করে পুকুরে ফেলে দেওয়া হয়েছে।



২০২২-২৩ অর্থ বছরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ঝিনাইদহ জেলার অসচ্ছল সংস্কৃতিসেবী লব বিশ্বাসের হাতে মাসিক কল্যাণ ভাতার চেক তুলে দেন সহকারী কমিশনার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব এস এম নুরুন্নবী।

## জি কে শামীম ও তার মায়ের বিরুদ্ধে সাক্ষ্য ৯ আগস্ট

**স্টাফ রিপোর্টার :** জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুদকের করা মামলায় এস এম গোলাম কিবরিয়া শামীম ওরফে জি কে শামীম ও তার মা আয়েশা আক্তারের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণের জন্য আগামী ৯ আগস্ট দিন ধার্য করেছেন আদালত। গতকাল রোববার সাক্ষ্যগ্রহণের দিন ধার্য ছিল। এদিন কোনো সাক্ষী আদালতে সাক্ষ্য দিতে হাজির হননি। এজন্য দুদক সময়ের আবেদন করেন।



## বাগেরহাটে মৎস্য ঘেরের মাছ লুটের অভিযোগে সংবাদ সম্মেলন

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট সদর উপজেলার বেতখালী গ্রামের একটি মৎস্য ঘের থেকে মাছ লুটের অভিযোগ উঠেছে। এ ঘটনায় রবিবার (০৯ জুলাই) দুপুরে ভুক্তভোগী ভূপাল চন্দ্র সাহা বাগেরহাটে প্রেসক্লাবের হলরুমে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। এ সময় তার স্ত্রী পূর্নিমা রানী সাহা উপস্থিত ছিলেন। ভূপাল চন্দ্র সাহা সংবাদ সম্মেলনে জানান, আমি দীর্ঘদিন ধরে ব্যবসায়িক কাজে পরিবার নিয়ে বাগেরহাটে বসবাস করি। বাগেরহাট সদর উপজেলার বেতখালী গ্রামে আমাদের ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গা জেহালার ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে মিথ্যা সংবাদ সম্মেলনের ঘটনায় ইউনিয়নবাসীর প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন




**আলমডাঙ্গা প্রতিনিধি :** মাদক বিক্রেতা কামাল হোসেন আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যে সংবাদ সম্মেলনের প্রতিবাদে মানববন্ধন করেছে ইউনিয়নের সর্বস্তরের জনগণ। এছাড়াও অবিলম্বে ইউনিয়নের মাদক বিক্রেতা কামালসহ সকল ব্যবসায়ীদের গ্রেফতারের দাবী জানান তারা।

রবিবার বিকেল ৪ টার দিকে জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ মদনবাবুর মোড়ে ইউনিয়নবাসীর উদ্যোগে ঘণ্টাব্যাপী প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করা হয়।

জানা যায়, উপজেলার জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলনের বিরুদ্ধে মাদক ব্যবসার সাথে জড়িত থাকার অভিযোগ তোলেন কামাল হোসেন নামের এক মাদক ব্যবসায়ী । ওই অভিযোগের ভিত্তিতে গড়চাপড়া গ্রামের মাদক ব্যবসায়ী কামাল হোসেন আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবে উপস্থিত হয়ে গত ৬ জুলাই বৃহস্পতিবার সংবাদ সম্মেলন করেন। চুয়াডাঙ্গা সহ বিভিন্ন জেলা ও অনলাইন পত্রিকায় সংবাদটি প্রকাশিত হয়। যা সম্পূর্ণ ভিত্তিহীন ও বানোয়াট বলে দাবি করেন চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন ও স্থানীয়রা। এরই পরিপ্রেক্ষিতে গত ৭ জুলাই পাল্টা সংবাদ সম্মেলন করে চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন। এছাড়াও জেহালা ইউনিয়ন পরিষদের ২-এর পাতায় দেখুন

## ইবিতে সহপাঠীকে মারধরের অভিযোগ

**ইবি প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের এক শিক্ষার্থীকে মারধর করে আহত করা অভিযোগ উঠেছে একই শিক্ষাবর্ষের অন্য এক সহপাঠীর বিরুদ্ধে। রবিবার সাড়ে ১০ টায় বিশ্ববিদ্যালয়ের ঝাল চত্ত্বরের এ ঘটনা ঘটে। ঘটনায় ভুক্তভোগী বিশ্ববিদ্যালয় প্রক্টর বরাবর অভিযোগ দিয়েছেন। মারধরে আহত শিক্ষার্থী ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষে শরিফুজ্জামান শোভন এবং অভিযুক্ত শিক্ষার্থীর ইংরেজি বিভাগের একই শিক্ষাবর্ষের মাসুদ রানা।

অভিযোগ সূত্রে জানা যায়, শোভন সাড়ে ১০ টায় ক্যাম্পাসের ডায়না চত্ত্বরের দিকে যায়। ঝাল চত্ত্বরে পৌঁছাতে ইংরেজি বিভাগের ছাত্র মাসুদ রানার নেতৃত্বে হিউম্যান রিসোর্স ২-এর পাতায় দেখুন



## মহেশপুরের আজমপুরে আওয়ামীলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

**মহেশপুর প্রতিনিধি :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার আজমপুর ইউনিয়নের মালাধারপুর ওয়ার্ড আওয়ামীলীগের বর্ধিত সভা রোববার বিকালে মালাধারপুর স্কুল চত্তরে অনুষ্ঠিত হয়েছে।

আজমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান শাহাজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল।

অনুষ্ঠিত বর্ধিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, আজমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আকিদুর ২-এর পাতায় দেখুন

# সাতক্ষীরা ডিবির হাতে ১৫০০ পিস ইয়াবাসহ আটক ১




**সাতক্ষীরা প্রতিনিধি :** সাতক্ষীরা ডিবি পুলিশের অভিযানে ১৫০০ পিস র ইয়াবাসহ মো. জাহাঙ্গীর আলম নামে এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে।

শনিবার দিবাগত রাতে কলারোয়া উপজেলার গয়ড়া বাজারের চন্দনপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। রোববার তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে হস্তান্তর করা হয়েছে। জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ (ওসি) তারেক ফয়সাল ইবনে আজিজ বিষয়টি নিশ্চিত করেছেন।

মো. জাহাঙ্গীর আলম চট্টগ্রাম জেলার গুনাগুরী থানার বাশখালী গ্রামের মৃত মীর আহম্মদের ছেলে।

ওসি জানান, কলারোয়া থানা এলাকায় অস্ত্র ও মাদকদ্রব্য উদ্ধার, আইন-শৃঙ্খলা ২-এর পাতায় দেখুন

## ফেসবুকে দেওয়া স্টাটাসের স্বপক্ষে কারণ দর্শানোর নোটিশ



**নিজস্ব প্রতিবেদক :** মেহেরপুরে আতাউর রহমান নামের এক ব্যক্তির ব্যক্তিগত ফেসবুক পেজে বীর 'জনতার আইনের কাছে ৪০ জন আইনজীবীর ক্ষমতার পরাজয়' শীর্ষক পোষ্টের কারণ দর্শানোর নোটিশ দিয়েছে জেলা আইনজীবী সমিতি। রবিবার জেলা আইনজীবী সমিতির সভাপতি মোঃ কামরুল হাসান ও সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল স্বাক্ষরিত নোটিশ সূত্রে এ তথ্য জানা যায়। আতাউর রহমান মেহেরপুর পৌরসভার ১নং ওয়ার্ড ঘোষপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে। নোটিশ প্রাপ্তির ৩ কর্ম দিবসের মধ্যে লিখিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে আতাউর রহমানকে। নোটিশে বলা হয়েছে, ২-এর পাতায় দেখুন

# নেপালের সঙ্গে ২৫ বছর মেয়াদি বিদ্যুৎ চুক্তি করছে বাংলাদেশ



**স্টাফ রিপোর্টার :** হিমালয়ের দেশ নেপাল থেকে ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করতে দীর্ঘমেয়াদি চুক্তিতে সম্মত হয়েছে বাংলাদেশ। দেশটির এক বিদ্যুৎ কর্মকর্তা জানিয়েছেন, এ চুক্তির মেয়াদ হবে ২৫ বছর। নেপালি সংবাদমাধ্যম কাঠমান্ডু পোস্ট গতকাল রোববার এ খবর দিয়েছে। বিদ্যুতের দাম নিয়ে দুইপক্ষ এখনো কোনো আলোচনা না করলেও, চুক্তির মেয়াদ চূড়ান্ত করা হয়েছে বলে জানিয়েছেন এই কর্মকর্তা। এর মাধ্যমে দীর্ঘ সময়ের জন্য বাংলাদেশে নেপালের বিদ্যুৎ রপ্তানির বিষয়টি নিশ্চিত হয়েছে। নেপাল ইলেকট্রিসিটি অথরিটির ব্যবস্থাপনা পরিচালক কুল মান ঘিসিং কাঠমান্ডু পোস্টকে বলেছেন, 'আমরা বাংলাদেশের সঙ্গে ২৫ বছর মেয়াদি বিদ্যুৎ চুক্তিতে সম্মত হয়েছি। বাংলাদেশের কাছে আমাদের প্রস্তাবের ভিত্তিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।' নেপাল ইলেকট্রিসিটি অথরিটির শক্তি বাণিজ্য পরিচালক প্রবাল অধিকারী জানিয়েছেন, নেপালের প্রস্তাবের ভিত্তিতে বাংলাদেশ প্রথমে পাঁচ বছর মেয়াদি নবায়নযোগ্য চুক্তি করতে চেয়েছিল। বিদ্যুৎ খাতের অনিশ্চয়তার কারণে দীর্ঘ মেয়াদির বদলে স্বল্প ২-এর পাতায় দেখুন

অর্থ আত্মসাৎ

## নোবেলের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন ২৮ আগস্ট

**স্টাফ রিপোর্টার :** কনসার্টে অংশ না নিয়ে এক লাখ ৭৫ হাজার টাকা আত্মসাতের অভিযোগে করা মামলায় গায়ক মাইনুল আহসান নোবেলের বিরুদ্ধে প্রতিবেদন দাখিলের জন্য ২৮ আগস্ট দিন ধার্য করেছেন আদালত। গতকাল রোববার মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেননি। এজন্য ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজেশ চৌধুরী প্রতিবেদন দাখিলের নতুন দিন ধার্য করেন। এর আগে গত ২২ মে বাদীকে কনসার্টের এক লাখ ৭৫ হাজার ২-এর পাতায় দেখুন

## পরকীয়া দোষে সংসার ভাঙে পাখিরও!



**নিজস্ব প্রতিবেদক :** মানুষের ক্ষেত্রেই শুধু নয়, একে তুষ্ট নয় এমন বিশ্বাসঘাতক, প্রতারক, বহুগামী পুরুষ সঙ্গীকে পছন্দ করে না পাখিও! সঙ্গীর অগোচরে বা অনুপস্থিতিতে অন্য কাউকে দেখলেই কাছে পাওয়ার বাসনায় উতলা হয়ে ওঠা পরাসক্ত, ছোঁকছোঁকে স্বভাবের সঙ্গীগুলোকে ঘৃণাভরে ছুড়ে ফেলে পক্ষীসমাজও।

দীর্ঘ অদেখা, দূরত্বের অজুহাত বা একঘেয়েমির বাহানায় পরকীয়ায় ঝুঁকে পড়া এসব পুরুষ পাখির কারণেই সাজানো সংসার ভেঙে খানখান হয়ে যাচ্ছে পক্ষীকুলে-বাড়ছে 'অকাল বিচ্ছেদ'। বুধবার গার্ডিয়ানে প্রকাশিত চীন ও জার্মানির এক যৌথ গবেষণাবিষয়ক প্রতিবেদনে চাঞ্চল্যকর এ তথ্য উঠে এসেছে।

ব্রিটেনের জীববৈচিত্র্য বিষয়ক 'প্রসেডিংস অব দ্য রয়্যাল সোসাইটি বি জার্নালে' প্রকাশিত গবেষণাপত্রে গবেষকরা জানিয়েছেন, হাজার হাজার পাখিকে এখন জীবনসঙ্গী ছাড়াই দেখা যাচ্ছে। বিস্তৃত পাখির প্রজাতিভেদে বিচ্ছেদের নানা কারণ থাকলেও প্রধান দুটি কারণ পাওয়া গেছে বলে জানান গবেষকরা। এর মধ্যে প্রথম কারণটি হলো 'পুরুষ পাখির বহুগামিতা' (সঙ্গী থাকতেও অন্য পাখির সঙ্গে যৌন সম্পর্ক গড়ে তোলা)। অন্যটি হলো অভিবাসনের ফলে স্ত্রী বা পুরুষ পাখির একে অপরের কাছ থেকে 'দীর্ঘ দূরত্বে' ২-এর পাতায় দেখুন


বিশ্ববিদ্যালয়ে ভর্তি

## গুচ্ছের বিশেষায়িত বিষয়ের পরীক্ষা শুরু ১০ জুলাই

**স্টাফ রিপোর্টার :** গুচ্ছভুক্ত ২২টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষায়িত বিভাগগুলোতে ভর্তি পরীক্ষার সূচি প্রকাশ হয়েছে। সূচি অনুযায়ী আজ সোমবার পরীক্ষা শুরু হচ্ছে; চলবে ১৯ জুলাই পর্যন্ত। গতকাল রোবব-ার গুচ্ছ ভর্তির ওয়েবসাইটে ভর্তি পরীক্ষার এই রুটিন প্রকাশ হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষগুলো এই ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

**কবে কোন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের পরীক্ষা ১০ থেকে শুরু হয়ে চলবে ১২ ২-এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীকে হত্যার হুমকি

## আবারও রিমান্ডে বিএনপি নেতা চাঁদ

**স্টাফ রিপোর্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির অভিযোগে ফরিদপুর জেলা আওয়ামী লীগের সভাপতির করা মামলায় রাজশাহী জেলা বিএনপির আহ্বায়ক আবু সাঈদ চাঁদের দুদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। গতকাল রোববার দুপুর ১টার দিকে আবু সাঈদ চাঁদকে ফরিদপুর চিফ জুডিসিয়াল ১ নম্বর আমলি আদালতে হাজির করা হয়। এ সময় পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য পাঁচদিনের রিমান্ড আবেদন করে। উভয় পক্ষের শুনানি শেষে আদালতের বিচারক তরুন বাছার ২-এর পাতায় দেখুন

## তারেক-জোবায়দার বিরুদ্ধে দুই সাব রেজিস্ট্রারের সাক্ষ্য

**স্টাফ রিপোর্টার :** জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবায়দা রহমানের বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছেন আরও দুজন। তারা হলেন- গুলশান জোনের সাবেক সাবরেজিস্ট্রার মো. ইয়াকুব ও বগুড়ার সাবেক সাব রেজিস্ট্রার আফতাব উদ্দিন। গতকাল রোববার ঢাকা মহানগর দায়রা জজ মো. আছাদুজ্জামানের আদালতে তারা সাক্ষ্য দেন। এরপর আদালত পরবর্তী সাক্ষ্যগ্রহণের জন্য ১৬ জুলাই দিন ধার্য করেন। এ মামলায় ৫৬ জন সাক্ষীর মধ্যে ৩৩ জনের সাক্ষ্য ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে ডেঙ্গু আক্রান্ত শিশুর মৃত্যু



**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের শরণখোলায় ডেঙ্গু আক্রান্ত হয়ে কৌশিক নন্দী নামের সাড়ে চার বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার (৯ জুলাই) শরণখোলা থেকে বাগেরহাট জেলা হাসাপাতালে নেয়ার পথে তার মৃত্যু ঘটে। শিশু কৌশিক নন্দী শরণখোলা উপজেলার ধানসাগর ইউনিয়নের ধানসাগর গ্রামের সমীর নন্দীর ছেলে। গেল শুক্রবার (৭ জুলাই) রাতে জ্বরে আক্রান্ত হয় শিশু কৌশিক নন্দী। পরের দিন শনিবার (০৮ জুলাই) বিকেলে ছেলেকে নিয়ে রায়েন্দা নার্সিং হোমে যায় বাবা-মা। সেখানে শরণখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. তাওহিদুল ইসলাম শিশু কৌশিক নন্দীর রক্ত পরীক্ষা শেষে ডেঙ্গু সনাক্ত করেন। পরে, তার রক্তের প্লাটিলেট গননার জন্য রায়েন্দা মনোয়ারা ডায়াগষ্টিক ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### পাঁচ রোহিঙ্গা খুন

# ক্যাম্পের অপরাধ দমন করতে হবে

রোহিঙ্গা ক্যাম্পে দুই গ্রুপের গোলাগুলিতে ৫ রোহিঙ্গা নিহত হয়েছে। শুক্রবার ভোরে উখিয়ার ক্যাম্প-৮ ওয়েস্টে এ ঘটনা ঘটে। গণমাধ্যমের খবরে জানা গেছে, ক্যাম্প নিয়ন্ত্রণে কিছুদিন ধরে ওই দুই গ্রুপের মধ্যে দ্বন্দ্ব চলছিল। এরই সূত্র ধরে খুনোখুনির ঘটনা ঘটে। রোহিঙ্গা ক্যাম্পে অপরাধপ্রবণতা দিন দিন বাড়ছেই। আমরা শুরু থেকেই এ বিষয়ে শঙ্কার কথা জানিয়ে আসছি। রোহিঙ্গা প্রত্যাবাসন না হলে স্বাভাবিকভাবেই সন্ত্রাসবাদের উত্থান হবে। খুন, ধর্ষণ, মাদক পাচার, শিশু পাচার, ডাকাতি, অপহরণ, পতিতাবৃত্তিসহ সব ভয়ংকর অপরাধে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছে রোহিঙ্গারা। উত্তরণের একমাত্র পথ রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া দ্রুত শুরু করতে হবে। কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে সক্রিয় একাধিক সশস্ত্র গ্রুপ। ওরা ভয়ংকর, তুচ্ছ ঘটনায় এক পক্ষ অন্য পক্ষকে খুন করতে দ্বিধা করে না। কোনো কিছুতেই থামানো যাচ্ছে না হত্যাকাণ্ড। তাদের মধ্যে মাদক, চাঁদাবাজি, অপহরণ ও চোরাচালান নিয়ন্ত্রণ নিয়ে প্রায়ই ঘটছে খুনোখুনি। একসময়ের শান্তিপূর্ণ এলাকাগুলোতে এখন অপহরণ আতঙ্কে দিন কাটছে স্থানীয় সাধারণ মানুষের। স্থানীয় বাসিন্দার পাশাপাশি সাধারণ রোহিঙ্গাও অপহরণের শিকার হচ্ছে প্রতিনিয়ত। উখিয়া-টেকনাফের পাহাড়-জঙ্গলে আস্তানা গড়ে অপহরণ করে মুক্তিপণ আদায় করছে সন্ত্রাসীরা। মুক্তিপণ দিলেও পুড়িয়ে ফেলে লাশ মাটির গর্তে পুঁতে রাখা হচ্ছে। পরে সেসব কঙ্কাল উদ্ধার করছে আইনশৃঙ্খলা বাহিনী। পরিস্থিতি দিন দিন ভয়াবহতার দিকে যাচ্ছে। পুলিশের তথ্য অনুযায়ী, গত সাড়ে ৫ বছরে ক্যাম্পে বসবাসকারী রোহিঙ্গা নেতা, স্বেচ্ছাসেবক ও সাধারণ রোহিঙ্গাসহ ১৭৩টি হত্যাকাণ্ড ঘটেছে। গত জুন মাসে ক্যাম্প থেকে ৫ রোহিঙ্গাকে অপহরণ, এক মাদ্রাসা ছাত্রসহ ৫ জনকে গুলি করে হত্যা করা হয়েছে। হাত-পায়ের রগ কেটে ১ জনকে হত্যা এবং এক কিশোরীকে ধর্ষণ করা হয়। সন্ত্রাসী গ্রুপগুলোকে প্রতিহত করতে গিয়ে প্রায়ই ঘটছে বন্দুকযুদ্ধের ঘটনা। থানার তথ্যমতে, ২০২২ সালের ১ নভেম্বর থেকে এ বছরের ৩০ মে পর্যন্ত ৭ মাসে টেকনাফ থানায় অপহরণের মামলা হয়েছে ৮টি। এসব মামলায় আসামির সংখ্যা অন্তত ৫০। এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ২০ জনকে। একই সময়ে অপহৃত অনেককে উদ্ধার করেছে পুলিশ। জাতিগত নির্মূল অভিযানের ফলে ২০১৯ সালের আগস্ট থেকে মিয়ানমারের ৭ লাখেরও বেশি রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এর আগেও এখানে অবস্থান করছিল ৩ লাখের বেশি রোহিঙ্গা। অবৈধ অনুপ্রবেশকারী রোহিঙ্গাদের কারণে আমাদের সীমান্তবর্তী জেলাগুলোয় আর্থসামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটছে। অনেক রোহিঙ্গা বাংলাদেশি পাসপোর্ট ব্যবহার করে বিদেশ গিয়ে নানা অপকর্মে জড়িয়ে পড়ছে এবং এর দায়ভার বর্তাচ্ছে বাংলাদেশের ওপর। এত বিপুলসংখ্যক রোহিঙ্গাকে নিয়মশৃঙ্খলার মধ্যে রাখা কঠিন কাজ বটে। শুধু ক্যাম্পের অভ্যন্তরে নয়, ক্যাম্পের বাইরেও রোহিঙ্গা সন্ত্রাসীরা স্থানীয় গ্রামবাসীর সঙ্গেও বিভিন্ন সময় সংঘর্ষে লেগে যায়। স্থানীয় অনেকে রোহিঙ্গা সন্ত্রাসীর হাতে অপহরণ ও হত্যার শিকার হয়েছে। নানাভাবে তারা অপরাধ প্রবণতায় জড়িত। এরা আক্রোশী মনোভাবের। সব বিবেচনা করেই প্রশাসনকে অত্যন্ত কঠোর হতে হবে। অন্যথায় আরো অপরাধ বাড়তে পারে। যা আমাদের নিরাপত্তার জন্য হুমকি বটে।

## দামুড়হুদায় অনূর্ধ্ব-১৭ বঙ্গবন্ধু গোল্ড

ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে। এসময় প্রধান অতিথি হিসেবে ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

## খুলনা জেলা আইনশৃঙ্খলা কমিটির

ডেঙ্গু আক্রান্ত রোগী শনাক্ত হয়েছেন। ডেঙ্গু প্রতিরোধে ঘুমানোর সময় মশারি ব্যবহার ও মশার বংশবিস্তাররোধ করা প্রয়োজন। পরিত্যক্ত পাত্র, ফুলের টব বা ডাবের খোসায় জমে থাকা পরিষ্কার পানিতে এডিস মশা ডিম পাড়ে। একারণে অযথা কোন পাত্রে পানি জমতে দেয়া যাবেনা। ডেঙ্গু একটি ভাইরাস জ্বর, এর থেকে সুস্থ হতে এন্টিবায়োটিক সেবনের কোন প্রয়োজন নেই। খুলনা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ও সকল উপজেলা হাসপাতালে ডেঙ্গু শনাক্ত এবং চিকিৎসার ব্যবস্থা রয়েছে। তাই ডেঙ্গুজ্বর হলে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর খুলনা সার্কেলের সহকারী পরিচালক প্রকৌশলী তানভীর আহমেদ সভায় জানান, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পেশাদার ড্রাইভিং লাইসেন্স ইস্যু বা নবায়নের ক্ষেত্রে ডোপটেস্টের রিপোর্ট দেখে লাইসেন্স প্রদান করা হচ্ছে। বিআরটিএ'র নিয়ম অনুযায়ী ড্রাইভিং লাইসেন্সের পরীক্ষায় উত্তীর্ন হওয়ার পরে সংশ্লিষ্ট ব্যক্তির ছবি ও হাতের আঙুলের ছাপ গ্রহণ শেষে ইস্যু করা বারকোড সম্বলিত কাগজে প্রিন্ট করা লাইসেন্স থাকলে বৈধভাবে মোটরযান চালানো যাবে।

সভায় প্রেসক্লাবের সভাপতি এসএম নজরুল ইসলাম অনিবন্ধিত অনলাইন পত্রিকা ও নিউজ পোর্টালগুলোর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে পণ্যের দোকান অথবা বিক্রয়ের স্থানে মূল্য তালিকা প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। মাদকের বিস্তাররোধ এবং সংশ্লিষ্ট অপরাধ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির বিকল্প নেই। মাদক সংশ্লিষ্ট মামলাগুলোর দ্রুত বিচার নিশ্চিত করতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে যথানিয়মে ও সঠিক সময়ে সাক্ষ্য-প্রমাণ আদালতে উপস্থাপন করতে হবে।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মীর আলিফ রেজা সভায় বিগত মাসে খুলনা জেলা ও মহানগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরেন। খুলনা জেলা অধিক্ষেত্রে বিগত জুন মাসে ১৭৫টি মামলা দায়ের হয়েছে যা বিগত মে মাসে দায়ের হওয়া মামলা সংখ্যার সমান। খুলনা মহানগরী অধিক্ষেত্রে জুন মাসে ১২৩টি মামলা দায়ের হয়েছে যা বিগত মে মাসে দায়ের হওয়া মামলার চেয়ে ২৫টি কম।

সভায় অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) সুশান্ত সরকার, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার শেখ ইমরান, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

## কালীগঞ্জে মধ্যরাতে ছুরিকাঘাতে

পরে ছেলে মালয়েশিয়া চলে যাবে। তার ছেলেকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। সাদ্দাম ও আকরাম তার ছেলেকে হত্যা করেছে বলে দাবি করেন।

নিহত মেহেদীর স্ত্রী আকলিমা বেগম জানান, রাত সাড়ে ১১টার দিকে তার স্বামী খাচ্ছিল। খাওয়া শেষের দিকে একটি ফোন থেকে কল আসে। এরপর তিনি বাড়ি থেকে বের হয়ে যান। এর কিছুক্ষণ পরই তিনি জানতে পারেন প্রতিবেশী আকরামের বাড়িতে পড়ে আছে তার স্বামীর রক্ত্যক্ত দেহ। এরপর সেখান থেকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তাদের একটি ৫ মাস বয়সী কন্যা সন্তান রয়েছে। এছাড়া নিহত মেহেদী আগামী ৩ দিন পর তার মালয়েশিয়া যাওয়ার কথা ছিল।

কালীগঞ্জ থানার ওসি মাহাবুবুর রহমান জানান, লাশ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে। তবে কি কারণে হত্যা করা হয়েছে তা্খনো নিশ্চিত হওয়া যায়নি।

## মেহেরপুর জেলার মাসিক আইন

পল্লব ভট্টাচার্য, জেল সুপার মনির হোসেন, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক মোঃ আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর,জেলা সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া প্রমূখ। সভায় বিভিন্ন উপজেলার ইউনিয়ন পর্যায় থেকে মাদক নিয়ন্ত্রনে কঠোর আইন প্রয়োগ, বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, যানজট নিরসন ও পুলিশ সদস্যদের নিয়মিত টহল আরো জোরদার সহ নানাদিক নিয়ে আলোচনা করা হয়।

## চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য

বিশিষ্ট একজন শিল্পপতি। তিনি রি-রোলিং মিলস ও গার্মেন্টস ব্যবসার সাথে সম্পৃক্ত আছেন। এছাড়া, ঢাকাস্থ চুয়াডাঙ্গা জেলা সমিতির সাধারণ সম্পাদক, ঐতিহ্যবাহী পাইন ক্লাবের সভাপতি, গ্রীনকর্ণার কল্যাণ সমিতির সভাপতি , মাদরাসাতুন নুর ফোরকানিয়া মাদরাসার সভাপতি এবং বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের সাথে জড়িত রয়েছেন।

এদিকে, চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকা দামুড়হুদা উপজেলার জুড়ানপুর, নতিপোতা ও নাটুদহ ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন মীর্জা শাহ-রিয়ার মাহমুদ লন্টু । এছাড়া, জীবননগর উপজেলার রায়পুর ও হাসাদহ ইউনিয়নের বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন। গণসংযোগকালে মীর্জা সুলতান রাজার ভাইকে কাছে পেয়ে এলাকাবাসী অত্যন্ত আনন্দিত হয়েছেন।

## ইবিতে সহপাঠীকে মারধরের

ম্যানেজমেন্টের বিভাগের সজিব ও বাংলা বিভাগের তৌহিদসহ ১২/১২ জন শোভনের উপর অতর্কিত হামলা করে কিল ঘুষি লাথিসহ রাস্তার উপর ফেলে মাথায় আঘাত করে। এতে ভুক্তভোগীর মাথায় মারাত্মক ভাবে ক্ষতি হয়, নাক-মুখ হাতের আঙ্গুল জখমসহ রক্তপাত ও হাতঘড়ি, চশমা, মানিব্যাগ কেড়ে নিয়ে অমানুষিক নির্যাতন করে বলে অভিযোগ উঠেছে। এছাড়া শোভনকে ক্যাম্পাসে ক্যাম্পাসে দেখলে দেখলে মেরে ফেলার হুমকি দিয়েছে বলে অভিযোগে উল্লেখ করে ভুক্তভোগী।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, শোভনের সাথে মাসুদের ক্যাম্পাস বন্ধের পূর্বে একধাপে মারামারি ও মনোমালিন্য হয়েছিল। পরবর্তীতে রবিবার ক্যাম্পাস ক্লাস শুরু হওয়ার দ্বিতীয় দিন শোভনকে একা পেয়ে এলোপাতারিভাবে মারধর করে রক্তাক্ত করে মাসুদ। পরে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে শোভনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। মাসুদ এর আগে শোভনের বিরুদ্ধে অভিযোগ দিয়েছিল। মূলত সেই অভিযোগের কোন শাস্তি না হওয়ায় এই ঘটনা ঘটেছে বলে ধারণা করছে সবাই।

এ বিষয়ে ভুক্তভোগী ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি শরিফুজ্জামান শোভন বলেন, আমাকে অতর্কিত আঘাত করে মাটিতে ফেলে এলোপাতারিভাবে লাথি মারে। আমাকে বিভিন্ন ছোট অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছে। হাত, পা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাত লেগে রক্তাক্ত হয়েছে। এছাড়া তিনি প্রশাসনের কাছে তাদের বহিষ্কার চাই বলে জানান।

এ বিষয়ে অভিযুক্ত ইংরেজি বিভাগের শিক্ষার্থী মাসুদ রানা বলেন, ক্যাম্পাস বন্ধের পূর্বে আমাদের উপর অতর্কিত হামলা চালানো হয়েছিল। ওই বিষয়ে প্রক্টর বরাবর অভিযোগ দিয়েছিলাম কিন্তু কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আজকে সকালে আমরা ঝাল চত্বরে ছিলাম, তখন শোভন আমাদের দেখে খুবই বাজে ভাবে কথা বলছিল। তার বাজে অঙ্গভঙ্গির ব্যাপারে জিজ্ঞাসা করতে গেলে সে আমার শার্টের কলার ধরে মারধর করার চেষ্টা করে। তখন কিছুটা হাতাহাতি হয়। এছাড়া হাতঘড়ি, চশমা, মানিব্যাগ কেড়ে নেওয়ার অভিযোগ অসত্য বলে জানান তিনি। এ বিষয়ে প্রক্টর অধ্যাপক ড. শাহাদাত হোসেন আজাদ বলেন, 'মারধরে বিষয়টি শুনেছি। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## মহেশপুরে বিভিন্ন প্রলোভনে

বুদ্ধি প্রতিবন্ধী কিশোরী জানান, মহর আমাকে বিয়ের ও টাকার লোভ দেখিয়ে আমার সাথে অবৈধ সম্পর্ক করেছে। শুধু তাই না আমি তার কথা মত না চললে আমাকে মেরে ফেলারও হুমকি দিতো সে।

অন্তসত্তা বুদ্ধি প্রতিবন্ধী ঐ কিশোরীর পিতা ও মা জানান,মহর আমাদের বাড়িতে প্রায় ১ বছর ধরে যাতায়াত করত। আমার পাগল মেয়ের সরলতার সুযোগ নিয়ে তার সাথে মহর যা করেছে তার জন্য আমরা এখন সমাজে মুখ দেখাতে পারছিনা। পাগলি মেয়ে ও তার এ সন্তান নিয়ে আমরা এখন কি করবো ? আমারা এর সুষ্ঠু বিচার চায়।

এব্যাপারে ধর্ষক মহর আলীর সাথে যোগাযোগের চেষ্টা করলে তাকে পাওয়া যায়নি। তবে তার স্ত্রীর সাথে কথা হলে তিনি ঘটনার কথা স্বীকার করে বলেন,ঐ মেয়ে আরো অনেকের সাথে মেলামেশা করে। আর আমার স্বামীও তো একজন পুরুষ ? তিনি আরো জানান,থানায় বসে এর মিমাংশা হয়ে গেছে।

মহেশপুর থানার অফিসার ইনর্চাজ(ওসি) খন্দকার শামীম উদ্দীন জানান, বিষয়টি আমি মৌখিক ভাবে সুনেছি। কিন্তু মেয়ের পরিবারের লোকজন অভিযোগ দেওয়ার কথা ছিলো কিন্তু তারা এখনও থানায় এ বিষয়ে অভিযোগ দেয়নি।

উল্লেখ্য ঃ লম্পট মহর আলী ৭/৮ বছর আগেও গ্রামে এরকম ঘটনা ঘটিয়েছিল বলে এলাকাবাসী জানায়।

## বাগেরহাটে মৎস্য ঘেরের মাছ

পৈত্রিক বাড়িতে আমার বৃদ্ধ মা বসবাস করে। আমি দীর্ঘদিন ধরে পৈত্রিক সম্পত্তিতে ২৩ কাঠা জায়গায় মৎস্য চাষ করে আসছি। গত বছর আমার পাশ্ববর্তী পুলিন সাহা ও তার ছেলে পলাশ সাহা আমাদের মৎস্য ঘের দখলের পায়তারা করে ও বিভিন্ন ভাবে হুমকি-ধামকি প্রদান করে। বিষয়টি স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের জানালে তারা বিষয়টি সমাধান করে দেন। গত ৭ জুলাই তারা আমার মৎস্য ঘেরে জোর পূর্বক প্রবেশ করে জাল দিলে ঘেরে থাকা বাগদা, গলদা, রুই, কাতলাসহ বিভিন্ন প্রকার মাছ ধরে নেয়। এতে আমার প্রায় ১ লক্ষ ১০ হাজার টাকার ক্ষতি সাধন করে। এ সময় আমার বাড়িতে থাকা একমাত্র মাকে হুমকি দিয়ে বলে, তোরা যদি এই ঘেরে যাস তোকেসহ ছেলেকে এই ঘেরে পুতে ফেলবো।

তিনি আরো বলেন, পুলিন সাহা ও তার ছেলে পলাশ সাহা আমাকে অপরিচিত নম্বর দিয়ে প্রানে মেরে ফেলার হুমকি প্রদান দেয়। তিনি এ ঘটনার পর্যাপ্ত ক্ষতিপূরনসহ প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

এ বিষয়ে পুলিন সাহা বলেন, আমি কারো ঘের দখল করে মাছ ধরিনি। আমার ঘের থেকে মাছ আমি ধরেছি। এ বিষয়ে আমার বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তা সম্পূর্ন মিথ্যা ও বানোয়াট।

## মহেশপুরের আজমপুরে

রহমান, উপজেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ইয়াকুব আলী, উপজেলা শ্রমিক লীগের সভাপতি মীর সাহেব আলী প্রমুখ।

## আলমডাঙ্গা জেহালার ইউপি

চেয়ারম্যানের বিরুদ্ধে মিথ্যা সংবাদ সম্মেলনের ঘটনায় মুন্সিগঞ্জ মদনবাবুর মোড়ে ইউনিয়নবাসীর উদ্যোগে ঘন্টাব্যাপী প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন করা হয়।

মানববন্ধন অনুষ্ঠানে বক্তারা বলেন, জেহালা ইউনিয়ন জুড়ে যখন মাদকের অভায়রণ্য গড়ে তুলেছে ব্যবসায়ী কামাল। তার অত্যাচারে ইউনিয়নবাসী অতিষ্ঠ হয়ে পড়ে। পুলিশের সহযোগীতায় মাদকের বিরুদ্ধে চেয়ারম্যান মাদকের বিরুদ্ধে দুর্গগড়ে তোলেন। ইতোমধ্যে মাদক বিরোধী অভিযানে পুলিশ অনেক ব্যবসায়ী ও সেবীকে গ্রেপ্তার করেছে। মাদক বিক্রেতা কামালকে পুলিশ খুঁজলে সে চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তোলেন। এঘটনায় মাদক ব্যবসায়ী কামাল সহ সকল মাদক ব্যবসায়ীকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানান সর্বস্তরের সাধারণ জনগণ। এছাড়াও চেয়ারম্যান সিলনের বিরুদ্ধে মিথ্যা সংবাদ সম্মেলনের ঘটনায় তীব্র নিন্দা জানায়।

এসময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বকুল হোসেন, ইউপি সদস্য জসি, আনারুল ইসলাম, হীরালাল, রিপন, রুবেল, বাবু, হাসেম, পিনজিরা, আরিফা খাতুন, লাভলি খাতুন, সমীর, আব্দুল কাদের, সাইদুর সোনা মিয়া, রকিবুল ইসলাম, আমির, জনি, রেন্টু, নজরুল, মিলন আহমেদ, নাসির উদ্দিন, সিলন, সাহেদ, মুঞ্জু, রানা, আলি হোসেন, সিদ্দিক, মিনহাজ, নান্নু, মহিবুর, শুভ প্রমুখ।

## ফেসবুকে দেওয়া স্টাটাসের স্বপক্ষে

গত ২০/০৬/২০২৩ ইং তারিখে আপনার ফেসবুক পেজে লেখা "বীর জনতার আইনের কাছে ৪০ জন আইনজীবীর ক্ষমতার পরাজয়" শীর্ষক পোষ্টের প্রতি জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্যদের দৃষ্টি আকর্ষিত হয়েছে। পোষ্টের বিষয়বস্তু দেখে এটা অনুধাবন করা যায় দেশের প্রচলিত আইন বা প্রচলিত বিচার ব্যবস্থা সম্পর্কে যথাযথভাবে অবহিত না। কিন্তু বিচার প্রক্রিয়া সম্পর্কে পোষ্টটি এদেশের বিচার ব্যবস্থা ও প্রচলিত আইনকে ব্যঙ্গ করে লেখা হয়েছে। যার কারণে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্যগণ অপমানিত ও মানুষিকভাবে আঘাত প্রাপ্ত হয়েছে এবং মান সম্মানের হানি ঘটেছে এবং বিচার ব্যবস্থাকে প্রশ্নের সম্মুখীন করেছে। যেকারণে ফেসবুক প্রোফাইলে লিখিত পোষ্টটির বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা নেওয়া হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ৩ কর্ম দিবসের মধ্যে লিখিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

## সাতক্ষীরা ডিবির হাতে দেড়

রক্ষা ও সহযোগিতায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে এক হাজার পাঁচশত পিস ইয়াবা ট্যাবলেটসহ মাদক কারবারি মো. জাহাঙ্গীর আলমকে গ্রেফতার করা হয়। যার আনুমানিক বাজার মূল্য ৪ লাখ ৫০ হাজার টাকা।গ্রেফতার জাহাঙ্গীর আলম বিভিন্ন এলাকা থেকে মাদক সংগ্রহ করে জেলার বিভিন্ন স্থানে সরবরাহ করতেন।

## পরকীয়া দোষে সংসার ভাঙে

যাওয়া। গবেষকরা মৃত্যুর তথ্য ও অভিবাসন দূরত্বসহ ২৩২ প্রজাতির পাখির বিচ্ছেদের হার সম্পর্কিত বিভিন্ন তথ্য তুলে ধরেন, যা পাখির আচরণ সম্পর্কে প্রকাশিত তথ্যের ওপর ভিত্তি করে করা হয়। গবেষণা দলটি প্রতিটি প্রজাতির পুরুষ ও মহিলা পাখির বহুগামিতা নিয়ে পৃথকভাবে স্কোরিং করেন। বিবর্তনীয় সম্পর্কের ওপর ভিত্তি করেও একটি বিশ্লেষণ চালানো হয়।

ফলাফলগুলোর মাধ্যমে জানা যায়, উচ্চবিচ্ছেদের হার সত্ত্বেও প্রজাতিগুলো একে অপরের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে আবদ্ধ হতে থাকে। প্লোভার, সোয়ালো, মার্টিন, ওরিওল ও ব্ল্যাকবার্ড প্রজাতির মধ্যে উচ্চবিচ্ছেদের হার বেশি লক্ষ করা যায়। এসব প্রজাতির পুরুষ পাখির মধ্যে বহুগামিতাও বেশি। অন্যদিকে পেট্রোল, অ্যালবাট্রস, গিজ ও রাজহাঁসের বিচ্ছেদের হার কম। এসব প্রজাতির পুরুষ পাখি একই সঙ্গীদের সঙ্গে বিশ্বস্ততার সঙ্গে দীর্ঘসময় পার করে।

গবেষণায় জানা যায়, পুরুষ পাখির বহুগামিতায় বিচ্ছেদের হার বেশি হয় এবং স্ত্রী পাখির বহুগামিতার কারণে বিচ্ছেদের হার তুলনামূলক কম হয়।

দলটি আরও জানায়, অভিবাসন দূরত্ব বেশি হলেও বিচ্ছেদের হার বাড়ে। এক জায়গা থেকে আরেক জায়গায় যাওয়ার ফলে বেশির ভাগ ক্ষেত্রে একসঙ্গে নীড়ে ফিরতে পারে না পাখি দম্পতিরা। সেক্ষেত্রে আগে ফিরে আসা পাখিটি অন্য সঙ্গীর সঙ্গে সঙ্গম করার প্রবণতা থাকে বেশি। 'প্রাথমিক আগমন' রূপ নেয় বিচ্ছেদে। তবে আগের সঙ্গীর জন্য অপেক্ষা করার পরিবর্তে আগমনের সঙ্গে সঙ্গে নতুন সম্পর্ক প্রজনন সহজতর করতে পারে বলে মনে করেন জার্মানির ম্যাক্স প্ল্যাঙ্ক ইনস্টিটিউটের গবেষক ড. জিটাং সং। গবেষণাটিকে স্বাগত জানান লিভারপুল বিশ্ববিদ্যালয়ের সামুদ্রিক জীববিজ্ঞানের বিশেষজ্ঞ ড. সামান্থা প্যাট্রিক।

## বাগেরহাটে ডেঙ্গু আক্রান্ত শিশুর মৃত্যু

সেন্টারে প্রেরণ করা হয়। সেখানে তার রক্ষে ৯৮ হাজার সিএমএম পাওয়া যায়। পরে মেডিকেল অফিসার ডা. তাওহিদুল ইসলাম চিকিৎসা পত্র দিয়ে বাড়িতে পাঠান। ওই রাতেই শিশুটির শারিরীক অবস্থার অবনতি ঘটে। রবিবার (০৯ জুলাই) সকালে উন্নত চিকিৎসার জন্য এ্যাম্বুলেন্স যোগে বাগেরহাট জেলা হাসপাতালে রওনা দেন। হাসপাতালে নেওয়ার আগেই শিশুটি মারা যায় বলে জানিয়েছেন শিশুটির বাবা সমীর নন্দী।

বাগেরহাট জেলা হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. জিয়াউল আদনান রুমেল বলেন, শিশুটিকে মৃত অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হয়। তার শরীরে জ্বর ছিল। কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, শিশুটির রক্তে প্লাটিলেটের পরিমান কম ছিল।

শরণখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. তাওহিদুল ইসলাম বলেন, শিশুটি যখন আমার কাছে এসেছিল তখন প্রচুর জ্বর ছিল শিশুটির শরীরে। ডেঙ্গু মৌসুম হওয়ায় রোগীর প্লাটিলেট পরীক্ষা করা হয়। তার শরীরে ৯৮ হাজার প্লাটিলেট পাওয়া যায়। রোগীর অবস্থা মোটামুটি ভাল থাকায় তাকে স্টাইন দেওয়ার পরামর্শ দেওয়া হয়। কিন্তু সকালে মৃত্যুর খবর শুনলাম। এটা আমাদের জন্য খুবই দুঃখজনক।

তিনি আরও বলেন, ডেঙ্গু কিন্তু বছর বছর তার রুপ পরিবর্তন করছে। আর যেহেতু এডিস মশা দিনের বেলায় কামরায়, সেই কারণে ডেঙ্গু থেকে বাঁচতে দিনের বেলা অত্যন্ত সতর্ক অবস্থায় থাকার পরামর্শ দেন এই চিকিৎসক।

শরণখোলা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. প্রিয় গোপাল বিশ্বাস বলেন, ৯৮ হাজার প্লাটিলেট থাকলে রোগী মারা যাওয়ার কথা নয়। ওই শিশুর হয়ত আর কোন জটিলতা থাকতে পারে বলে মন্তব্য করেন এই চিকিৎসক।

## মহেশপুরে গ্রামীণ প্রাইভেট

জোরে জোরে বিথী খাতুনের বুকে চাঁপ দিচ্ছেন। পরবর্তীতে বিথী খাতুন মারা গেলে নাটকের জন্ম দেন হাসপাতাল মালিক জুলফিক্কার।

তিনি বলেন এখনই রোগীতে যশোর হাসপাতালে নিতে হবে। জুলফিক্কার নিজেই এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করে রোগীকে এ্যাম্বুলেন্সের ভিতরে তোলেন। রোগীর সাথে ওই এ্যাম্বুলেন্সে উঠেন সিজার করা দুই ডাক্তার ও জুলফিক্কার নিজেই। যশোর নেওয়ার পথে কোঁটচাদপুরে পৌছালে কৌশলে এ্যাম্বুলেন্স থেকে নেমে ডাক্তার পালিয়ে যান। এর কিছুক্ষন পরে চৌগাছা পৌছালে রোগীর স্বজনরা বুঝতে পারেন ওই হাসপাতালেই তাদের রোগী মারা গেছেন। বাকি টুকু হাসপাতাল মালিক জুলফিক্কারের নাটক মাত্র।

অভিযুক্ত হাসপাতাল মালিক জুলফিক্কারের ব্যবহারিত ফোনটি বন্ধ থাকায় যোগাযোগ করা সম্ভব হয়নি। অভিযুক্ত ডাক্তার মাসুদ রানা জানান, অপারেশন করার পর রোগীর পেশার নিচে চলে আসে। পরে আর পেশার তোলা সম্ভব হয়নি। সে কারনেই রোগী হাডএ্যাটাকে মারা গেছে।

এসবিকে ইউনিয়নের চেয়ারম্যান আরিফান হাসান চৌধুরী নুথান জানান, ভুয়া ডাক্তার দিয়ে অপারেশন করানোয় প্রসূতি মৃত্যুর ঘটনা ঘটেছে। এ ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা ডাঃ মাহামুদ বিন হেদায়েত (সেতু) ঘটনার সত্যতা স্বীকার করে জানান, আমি ডাক্তার মাসুদ রানার সকল কাগজপত্র আনতে বলেছি। কিন্তু তিনি আসছি আর আর কোন খবর নেই। ডাঃ মাহামুদ বিন হেদায়েত (সেতু) আরো বলেন আমি আমার আইন গত যে ব্যবস্থা নেওয়ার দরকার আমি নিচ্ছি।

## বিএনপি পিঠ বাঁচাতে

বলেন, কোনো অবস্থাতেই সংবিধান বানচালসহ বিএনপির কোনো অগণতান্ত্রিক কর্মকান্ড ও আগুন সন্ত্রাস সহ্য করা হবে না। এগুলো যেমন অগণতান্ত্রিক, তেমনই সীমাহীন রাজনৈতিক অপরাধ। ইনু বলেন, কোনো অবস্থাতেই সংবিধান বানচাল করতে দেওয়া যাবে না। এসময় জাসদ নেতা আহম্মেদ আলী ও কারশেদ আলমসহ স্থানীয় জাসদের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

## সারাদেশে চিকিৎসক নিগ্রহের

ব্যনার, ফ্যাস্টুন ও লিফলেট নিয়ে অংশ নেয়। এসময় সদর হাসপাতালের গাইনী কনসালটেন্ট ডাঃ আলা-উদ্দিন, শিশু কনসালটেন্ট ডাঃ আনোয়ারুল ইসলাম, অর্থপেডিক সার্জন ডাঃ মনিরুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তরা, জীবনের ঝুকি নিয়ে চিকিৎসকরা রোগীদের চিকিৎসা দিয়ে থাকে। চিকিৎসা দিতে গিয়ে রোগী মৃত্যু হলে চিকিৎসকদের দায়ী করা হয়। কিন্তু কেন কি কারনে মৃত্যু হলো সেটা নিয়ে কেউ কথা বলে না। মানববন্ধনে চিকিৎসকদের জীবনের নিরাপত্তার বিষয়ে জোর দাবি জানানো হয়।

## ঝিনাইদহে জেলা আইনশৃঙ্খলা

৯ মধ্যে ইজিবাইক হাই-ওয়েতে চলাচলের জন্য কয়েকদিন মাইকিং করা। এরপর ইজিবাইক হাই-ওয়েতে চলাচল না করতে পারে সেজন্য আইন-শৃংখলা বাহিনী কঠোর পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও ভুয়া এ্যাভিটএ্যাভিটের মাধ্যমে বাল্য-বিবাহ করায় একজন উকিলের বিরুদ্ধে মামলা করার জন্য মহিলা অধিদপ্তরের উপ-পরিচালককে সিদ্ধান্ত নেওয়া হয়। চোরাচালান প্রতিরোধে সরকারের আইন মানার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত হয়।

## অকেজো ও উড্ডয়ন অযোগ্য বিমান

কার্গো-ভিলেজের বড় জায়গাজুড়ে উড়োজাহাজগুলো পড়ে আছে। পাশাপাশি এসব উড়োজাহাজের পার্কিং এবং সারচার্জ বাবদ বকেয়া রয়েছে প্রায় সাড়ে আটশ' কোটি টাকা। সূত্র জানায়, বিমানবন্দরে পরিত্যক্ত উড়োজাহাজগুলো যে পরিমাণ জায়গা দখল করে রেখেছে তাতে অনায়াসে ৭/৮টি প্লেন পার্কিং করা যাবে। কিন্তু বার বার তাগিদ দেওয়ার পরও উড়োজাহাজগুলোর মালিকপক্ষ কোনো সাড়া না দেয়ায় সেগুলো এখন বিমানবন্দরের গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। সেগুলোর কারণে বিমানবন্দর বিশাল এক ডাম্পিং স্টেশনে পরিণত হয়েছে। কার্গো-ভিলেজ এলাকায় ঘিঞ্জি পরিবেশ সৃষ্টি হয়েছে। উড়োজাহাজগুলো সরিয়ে নেওয়া হলে কার্গো প্লেনে মালামাল ওঠানামাও সহজ হতো। তবে এক ডজন উড়োজাহাজ এককভাবে কেউ হয়তো কেনার জন্য আগ্রহী হবে না। হয়তো কয়েকজন মিলে এগুলো নিলামে কিনতে পারে। উড়োজাহাজগুলো নিলাম করতে পারলে পার্কিং চার্জ ও সারচার্জ বাবদ বকেয়া টাকা উসুল সম্ভব হবে। আর নিলামে কাঙ্ক্ষিত দাম না পেলে প্রয়োজনে বিমানগুলো কেজি দরে বিক্রি করে দেওয়া হবে।

## নেপালের সঙ্গে ২৫ বছর মেয়াদি

মেয়াদি চুক্তিতে আগ্রহ দেখিয়েছিল ঢাকা। তবে বাংলাদেশ শেষ পর্যন্ত ২৫ বছর মেয়াদি চুক্তি করতে সম্মত হয় বলে জানিয়েছেন সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক কুল মান ঘিসিং। তিনি বলেছেন, 'দাম ব্যতিত অন্য সবকিছু নিয়ে আমরা সম্মত হয়েছি।' বাংলাদেশ থেকে নেপালের বিদ্যুৎ আসবে ভারত হয়ে। যখন ভারত-বাংলাদেশ ও নেপালের মধ্যে এ নিয়ে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদিত হবে; তখনই বিদ্যুৎ আমদানির চুক্তিটি স্বাক্ষরিত হবে। অথরিটির কর্মকর্তারা জানিয়েছেন, বাংলাদেশ প্রথমে বিদ্যুতের দাম বাদে কারিগরি ও বাণিজ্যিক বিষয়গুলো নিয়ে সমাধানের আগ্রহ দেখায়। পরবর্তীতে দুই দেশ সেসব বিষয় নিয়ে ঐকমত্যে পৌঁছায়। বাংলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের নিদর্শন হিসেবে বিদ্যুতের দাম নির্ধারণ নিয়ে নেপাল আলোচনার পথ খোলা রেখেছে বলে জানিয়েছেন কুল মান ঘিসিং। তিনি বলেছেন, বন্ধুত্বের অংশ হিসেবে আমরা ভালো একটি দাম প্রস্তাবের পরিকল্পনা করছি। কারণ এটি সরকার থেকে সরকারের মধ্যে একটি চুক্তি হবে। বর্তমানে বাংলাদেশে বিদ্যুতের যে দাম রয়েছে সেটি একটি উদাহরণ হিসেবে নেওয়া যেতে পারে। তবে দাম এখনো নির্ধারিত হয়নি। অপরদিকে ট্রান্সমিশন এবং সার্ভিস ফি বাংলাদেশ সরাসরি ভারতের বিদ্যুৎ ভায়াপার নিগম লিমিটেডের (এনভিভিএন) কাছে প্রদান করবে বলে জানিয়েছেন প্রবাল অধিকারী। তিনি আরও জানিয়েছেন, বর্তমানে ভারতের বিদ্যুৎ সরবরাহকারীরা এ সংস্থাটিকে যে পরিমাণ ফি দিয়ে থাকে বাংলাদেশকেও ওই একই অর্থ দিতে হবে। বর্তমানে যে পরিমাণ ফি নির্ধারিত আছে সেটি অনুযায়ী ট্রান্সমিশনের জন্য বাংলাদেশকে প্রতি ইউনিট বিদ্যুতের জন্য ৪০ থেকে ৫০ পয়সা (ভারতীয় রুপি) দিতে হতে পারে। বাংলাদেশ-ভারত-নেপালের মধ্যকার এ ত্রিপক্ষীয় চুক্তিতে এনভিভিএনকেও রাখা হবে বলে জানিয়েছেন এই কর্মকর্তা।

## তারেক-জোবায়দার বিরুদ্ধে দুই

শেষ হয়েছে। মামলার বিবরণে জানা যায়, ঘোষিত আয়ের বাইরে চার কোটি ৮১ লাখ ৫৩ হাজার ৫৬১ টাকার মালিক হওয়া এবং সম্পদের তথ্য গোপন ও জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে ২০০৭ সালের ২৬ সেপ্টেম্বর রাজধানীর কাফরুল থানায় এ মামলা করেন দুদকের উপ-পরিচালক জহিরুল হুদা। মামলায় তারেক রহমান, জোবায়দা রহমান ও তারেক রহমানের শাশুড়ি ইকবাল মান্দ বানুকে আসামি করা হয়। ২০০৮ সালে তিনজনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন দুদকের উপ-পরিচালক তৌফিকুল ইসলাম। এ মামলায় ইকবাল মান্দ বানুকে মামলা হতে অব্যাহতি দেওয়া হয়। এর আগে ২০২২ সালের ১ নভেম্বর অভিযোগপত্র আমলে নিয়ে তারেক রহমান ও জোবায়দা রহমানের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন আদালত। বর্তমানে তারা পলাতক। গত ২০২৩ সালের ১৩ এপ্রিল তারেক-জোবায়দার বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন।

## আবারও রিমান্ডে বিএনপি নেতা চাঁদ

দুদিনের রিমান্ড মঞ্জুর করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী অনিমেষ রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন। রাজশাহী বিএনপি আয়োজিত এক সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগে গত ২৩ মে ফরিদপুরের চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ২০ কোটি টাকার মানহানি ও ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন ফরিদপুর জেলা আওয়ামী লীগের সভাপতি শামীম হক। সেই মামলায় আবু সাঈদ চাঁদের দুদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

## গুচ্ছের বিশেষায়িত বিষয়ের পরীক্ষা

জুলাই পর্যন্ত। একই বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের পরীক্ষা ১২ জুলাই। এ ছাড়া থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ এবং ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের ভর্তি পরীক্ষা হবে ১১ ও ১২ জুলাই। খুলনা বিশ্ববিদ্যালয়ের চারুকলা এবং স্থাপত্য বিভাগের পরীক্ষা হবে ১৪ জুলাই। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগে পরীক্ষা শুরু হবে ১৫ জুলাই; জগন্নাথ ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগে ১৬ জুলাই এবং সংগীত এবং নাট্যকলা বিভাগে ১৭ ও ১৮ জুলাই ভর্তি পরীক্ষা হবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে চারুকলা বিভাগের ভর্তি পরীক্ষা হবে ১৭ জুলাই; এ বিশ্ববিদ্যালয়ের এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স বিভাগের ভর্তি পরীক্ষা ১৮ ও ১৯ জুলাই। সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ১০ জুলাই নেওয়া হবে। এদিকে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ১২ জুলাই। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ১৩ জুলাই এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ১৫ জুলাই এবং রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের পরীক্ষা হবে ১৪ ও ১৫ জুলাই। গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে ভর্তিচ্ছুরা গত ২০ থেকে ২৭ জুনের মধ্যে আবেদন করেন। ২০২২-২৩ শিক্ষাবর্ষে গুচ্ছ ভর্তি পরীক্ষার এ ইউনিটে পাসের হার ৪৩ দশমিক ৩৫ শতাংশ; বি ইউনিটে ৫৬ দশমিক ৩২ শতাংশ; এবং সি ইউনিটে পাসের হার আসে ৬৩ দশমিক ৪৬ শতাংশ।

## নোবেলের বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন

টাকা দেওয়ার শর্তে জামিন পান নোবেল। এরপর নিজের ভুলের জন্য সবার কাছে ক্ষমা চান দুই বাংলার জনপ্রিয় এই গায়ক। সাংস্কৃতিক অনুষ্ঠানে গান গাইতে না গিয়ে এক লাখ ৭২ হাজার টাকা নিয়ে প্রতারণার অভিযোগে গত ১৬ মে রাজধানীর মতিঝিল থানায় মামলা হয়। শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ হেডকোয়ার্টার পাইলট উচ্চবিদ্যালয়ের এসএসসি ব্যাচ ২০১৬ এর প্রতিনিধি মো. সাফায়েত ইসলাম বাদী হয়ে এ মামলা করেন। মামলার অভিযোগে বলা হয়, গত ২৮ এপ্রিল শরীয়তপুরের ভেদরগঞ্জ হেডকোয়ার্টার পাইলট উচ্চবিদ্যালয়ের এসএসসি ব্যাচ ২০১৬ এর প্রথম পুনর্মিলনী আয়োজন করা হয়। ওই সাংস্কৃতিক অনুষ্ঠানে গান গাওয়ার জন্য গত ২৫ মার্চ নোবেলের সঙ্গে মোট এক লাখ ৭৫ হাজার টাকা চুক্তি করেন বাদী। তখন নোবেলকে নগদ ১৫ হাজার টাকা দেওয়া হয়। এ সময় নোবেল অনুষ্ঠানের আগেই অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে বলে জানান এবং তার ব্যাংক অ্যাকাউন্ট নম্বর দেন। মামলায় আরও উল্লেখ করা হয়, ওই বিদ্যালয়ের এসএসসি ২০১৬ ব্যাচের সদস্যদের থেকে টাকা সংগ্রহ করে গত ৩০ মার্চ শরীয়তপুর থেকে সিটি ব্যাংকের মাধ্যমে ৪৭ হাজার টাকা পাঠানো হয়। এরপর গত ১৪ এপ্রিল সিটি ব্যাংকের একই ব্রাঞ্চ থেকে এক লাখ ১০ হাজার টাকা নোবেলের অ্যাকাউন্টে পাঠানো হয়। অনুষ্ঠান উপলক্ষে তাকে সর্বমোট এক লাখ ৭২ হাজার টাকা দেওয়া হয়। তবে নোবেল অনুষ্ঠানে না গিয়ে প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাৎ করেন।

## ইসরায়েলের সঙ্গে বিএনপির

সংস্থার বৈঠক গণমাধ্যমে প্রকাশিত হয়েছিল। এ ধরনের দেশবিরোধী অপতৎপরতার সঙ্গে বিএনপি সবসময় জড়িত থাকে। এ সময় ইসরায়েলি প্রযুক্তি ব্যবহার করে বিরোধীদলের নেতাদের ফোন হ্যাক করা হচ্ছে- বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এমন বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানান তিনি। রোববার (৯ জুলাই) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, ফিলিস্তিনের জনগণের মুক্তি আন্দোলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সোচ্চার ছিলেন। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনাও ফিলিস্তিনের জনগণের আইনগত অধিকার প্রতিষ্ঠায় সোচ্চার রয়েছেন।

তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতার রজতজয়ন্তী উদযাপনে ফিলিস্তিনের তৎকালীন প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতকে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা আমন্ত্রণ জানিয়েছিলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিভ্রান্তি সৃষ্টির জন্য ইসরায়েলি প্রযুক্তি ব্যবহার করে বিরোধীদলের নেতাদের ফোন হ্যাক করার কাল্পনিক বক্তব্য প্রদান করেছেন। একজন রাজনৈতিক নেতার এই ধরনের দায়িত্বজ্ঞানহীন বক্তব্য অত্যন্ত লজ্জাকর।

## বঙ্গবন্ধু সেতুতে ২৬ বছরে

৩ কোটি ৫৮ লাখ ৪০ হাজার ২০০ টাকা টোল আদায় হয়। এর আগে, বিগত ২০২১ সালের ১৩ মে ২৪ ঘণ্টায় ৫২ হাজার ৭৫৩টি যানবাহন পারাপারের বিপরীতে টোল আদায় হয় ২ কোটি ৯৯ লাখ ১৮ হাজার ২৪০ টাকা।

বঙ্গবন্ধু সেতু-টাঙ্গাইল ও ঢাকা মহাসড়ক দিয়ে উত্তরবঙ্গের ২৩টি জেলার যানবাহন চলাচল করে। স্বাভাবিকভাবে প্রতিদিন ১৮-২০ হাজার যানবাহন সেতু দিয়ে পারাপার হয়। ঈদসহ বিভিন্ন উৎসবের ছুটিতে পরিবহনের সংখ্যা কয়েক গুণ বেড়ে যায়।

## যশোর সদর ও অভয়নগরকে ডেঙ্গুর

চক্রবর্তী বলেন, বর্তমানে হাসপাতালে ৯ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছেন। এর মধ্যে পুরুষ ৭ জন এবং নারী ২ জন। রোগীর চিকিৎসা সেবা প্রদানে কোন সমস্য হচ্ছে না। তবে বর্তমানে যে অবস্থা তাতে আগামীতে মেডিসিন বিভাগে রেখে ডেঙ্গু রোগীদের চিকিৎসা দেয়া সম্ভব হবে না। এ জন্য প্রয়োজনে হাসপাতালের 'রেডজোন' ব্যবহার করা হবে।

ডেপুটি সিভিল সার্জন ডা. নাজমুস সাদিক বলেন, দ্রুত গতিতে যশোরে বাড়ছে ডেঙ্গু রোগী। জেলার সদর উপজেলা এবং অভয়নগর উপজেলাকে 'রেডজোন' ঘোষণা করা হয়েছে। ডেঙ্গু মোকাবেলায় সব ধরণের প্রস্তুতি ইতোমধ্যে নিয়েছি।

## বুধবার বিএনপির এক দফা

নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করবে তারা। দলটির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনকেও সমাবেশের প্রস্তুতি নেওয়ার বার্তা দেওয়া হয়েছে। আজ রোববার বিকেলে সমাবেশ সফলে যৌথ সভাও করবে ঢাকা মহানগর উত্তর বিএনপি। অবশ্য গতকাল রাত পর্যন্ত এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি দলটি। আগামীকাল সোমবার গণতন্ত্র মঞ্চের সঙ্গে বৈঠকের পর আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচি ঘোষণা করা হতে পারে।

বিএনপি ও গণতন্ত্র মঞ্চ সূত্র জানায়, যুগপৎ কর্মসূচিতে আন্দোলনের সঙ্গে জনগণকে সম্পৃক্ত করার ওপর জোর দেওয়া হবে। কর্মসূচির মধ্যে সভা-সমাবেশ, মানববন্ধন, পদযাত্রা, লংমার্চ ও রোর্ডমার্চ এবং সব শেষে ঢাকামুখী 'চল চল ঢাকা চল' কর্মসূচি থাকবে। নির্বাচন কমিশন, সচিবালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং গণভবন ঘেরাওয়ের মতো কর্মসূচির চিন্তাও দলের মধ্যে রয়েছে।

## নুরকে গ্রেপ্তারে স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি

বক্তব্যের সূত্রে প্রমাণিত হয়েছে ইসরায়েলের গোয়েন্দা সংস্থার এজেন্ট হিসাবে চিহ্নিত মেন্দি (এন) সাফাদির সঙ্গে গোপন বৈঠক করেছেন গণঅধিকার পরিষদের সদস্য সচিব নুরুল হক নুর।

ববি হাজ্জাজ বলেন, আশ্চর্যের বিষয় হলো, এত স্পর্শকাতর বিষয়ে এখন পর্যন্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় বা গোয়েন্দা সংস্থাগুলো কোন পদক্ষেপ নেয়নি। আমরা পরিষ্কারভাবে বলতে চাই, জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম দখলদার রাষ্ট্র এবং মুসলিম উম্মাহর পরিষ্কার শত্রু ইসরায়েলের প্রতিটি আগ্রাসন এবং পদক্ষেপের বিরুদ্ধে। আমরা দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা এবং মুসলিম উম্মাহর স্বার্থ পরিপন্থী ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগে নুরুল হক নুরকে আইনের আওতায় এনে জিজ্ঞাসাবাদ করে প্রকৃত সত্য উদঘাটন করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি প্রদান করেছি।

দলটির নিবন্ধন প্রসঙ্গে লিখিত বক্তব্যে এনডিএম চেয়ারম্যান ববি হাজ্জাজ বলেন, ধর্মীয় এবং সাম্প্রদায়িক ঐক্য বিনষ্ট হওয়া ছাড়াও দেশকে বিচ্ছিন্নতার দিকে নিয়ে যাবার আশংকা তৈরি হতে পারে বিধায় গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ ১৯৭২ অনুযায়ী রাজনৈতিক দলসমূহের নিবন্ধন আইন-২০২০ এর ৫(গ) ধারা মোতাবেক "গণঅধিকার পরিষদ" নামক রাজনৈতিক দলকে নিবন্ধন প্রদান না করতে নিবন্ধিত রাজনৈতিক দল হিসাবে আমরা প্রধান নির্বাচন কমিশনার মহোদয়কে চিঠি প্রদান করেছি।

তিনি বলেন, বাংলাদেশের পবিত্র জমিনে কোন ইহুদিদের চর বা কোন শত্রু রাষ্ট্রের এজেন্ট রাজনীতি করতে পারবে না। নুরের অর্থের উৎস কোথায়? বিলাসবহুল মধ্যপ্রাচ্য সফরে কে বা কারা তাকে অর্থ প্রদান করেছে? এর উদ্দেশ্য যদি হয় ইসরায়েলের গোয়েন্দা সংস্থার সঙ্গে বৈঠক তাহলে নুর এবং তার সহযোগীরা সবাই দেশের এবং মুসলমানদের শত্রু।

## এক সময় আমরাও চাঁদে

বিশ্ববিদ্যালয় করে দিয়েছি, অনেকগুলো বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করে দিয়েছি। এমনকি এভিয়েশনের অধীনে অ্যারোনটিক্যাল বিশ্ববিদ্যালয় করে দিয়েছি।

"এক সময় আমরাও তো চাঁদে যাব, এরোপ্লেন বানাব। সেই চিন্তাটা মাথায় রেখে বিশ্ববিদ্যালয়টা বানিয়েছি, এমনকি অ্যারোনটিক্যাল সেন্টারও করে দিয়েছি। আমাদের সরকার শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।"

চতুর্থ শিল্প বিপ্লব সামনে রেখে প্রস্তুতি নেওয়ারও তাগিদ দেন সরকার প্রধান। বলেন, চতুর্থ শিল্প বিপ্লব আসবে, সেজন্য দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে।

"বাংলাদেশ পৃথিবীর অন্যান্য দেশের সঙ্গে সমানতালে এগিয়ে যাবে। আমরা পিছিয়ে থাকতে চাই না। বিভিন্ন দিকে গবেষণা গুরুত্ব দিচ্ছি, স্বাস্থ্য খাতটাতে কিছুটা পিছিয়ে আছি। আরও বেশি গবেষণার ক্ষেত্রে আমাদের আরো বেশি গুরুত্ব দিতে হবে। আরও বেশি গবেষণা দরকার সে অনুযায়ী গুরুত্ব দিচ্ছি। দক্ষ প্রশিক্ষিত জনবল দরকার।"

স্মার্ট সমাজের জন্য স্মার্ট জনশক্তি গড়ে তোলার আহ্বান জানিয়ে তিনি বলেন, "৪১ এর বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ, এখানে দক্ষ জনশক্তি গড়ে তুলব। আমরা স্মার্ট পপুলেশন, স্মার্ট অর্থনীতি, স্মার্ট এগ্রিকালচার, স্মার্ট জনশক্তি স্মার্ট সোসাইটি হবে।" আওয়ামী লীগ সরকারের টানা ১৪ বছরে বাংলাদেশের সব দিক দিয়ে এগিয়েছে দাবি করে তিনি বলেন, "তখন কী ছিল, এখন পর্যন্ত কী পরিবর্তন এসেছে, শিক্ষা দীক্ষায় কী করতে পেরেছি দেখুন।

"পেরেছি এই কারণে যে, নিজের দেশটাকে জানতে হবে, অনুভব করতে হয়। প্রকৃতির কাছ থেকেও জানতে হয়, প্রাকৃতিক পরিবেশ থেকে জানাটা দিয়ে উন্নয়ন করলে তা গণমুখী হবে, মানুষের জন্য কিছু হবে।"

১৯৭৫ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার ঘটনায় প্রাণে বেঁচে যান কেবল বিদেশে থাকা দুই মেয়ে শেখ হাসিনা ও শেখ রেহানা।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com



# ইউক্রেনকে ক্লাস্টার বোমা দেওয়া নিয়ে বেকায়দায় যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনকে ক্লাস্টার বোমা সরবরাহের ঘোষণা দিয়ে বেকায়দায় আছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটনের সিদ্ধান্তে বেশ কয়েকটি মার্কিন মিত্র দেশ অস্বস্তি প্রকাশ করেছে। যুক্তরাষ্ট্র গত শুক্রবার নিশ্চিত করে যে তারা ইউক্রেনে বিতর্কিত অস্ত্র পাঠাচ্ছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এটিকে 'খুব কঠিন সিদ্ধান্ত' বলে অভিহিত করেন। প্রতিক্রিয়ায় যুক্তরাজ্য, কানাডা, নিউজিল্যান্ড এবং স্পেনের মতো ঘনিষ্ঠ মার্কিন মিত্র সাফ জানিয়ে দিয়েছে যে তারা এই অস্ত্র ব্যবহারের ঘোর বিরোধী। ১০০টিরও বেশি দেশ ক্লাস্টার বোমা নিষিদ্ধ করেছে। কারণ এগুলো বেসামরিক মানুষের জন্য ভয়াবহ বিপদ ডেকে আনে। এগুলোতে সাধারণত অনেকগুলো ছোট বোমা থাকে, যেগুলো বিস্তৃত অঞ্চলে নির্বিচারে প্রাণ কেড়ে নিতে পারে। শুধু তাই-নয়, অবিস্ফোরিত বোমাগুলো বছরের পর বছর মাটিতে পড়ে থাকতে পারে। তারপর যে কোনো সময় বিস্ফোরিত হতে পারে। মার্কিন সিদ্ধান্তের বিষয়ে নিজেদের অবস্থান সম্পর্কে জিজ্ঞাসা করা হলে ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনাক বলেন, 'যুক্তরাজ্য সেই ১২৩টি দেশের মধ্যে যারা ক্লাস্টার যুদ্ধাস্ত্রের কনভেনশনে সই করেছে। এটি অস্ত্র উৎপাদন বা ব্যবহার নিষিদ্ধ করার পাশাপাশি এগুলোর ব্যবহারকে নিরুৎসাহিত করে।' নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্স সুনাকের চেয়ে আরও এক ধাপ এগিয়ে। তিনি বলেন, 'অস্ত্রগুলো নিরপরাধ লোকদের ব্যাপক ক্ষতি করে। এগুলো দীর্ঘস্থায়ী প্রভাবও ফেলতে পারে।' হিপকিন্স বলেন, 'ইউক্রেনে ক্লাস্টার বোমা ব্যবহারের বিরুদ্ধে নিউজিল্যান্ডের আপত্তি সম্পর্কে হোয়াইট হাউসকে জানানো হয়েছে।' স্পেনের প্রতিরক্ষামন্ত্রী মার্গারিটা রোবেলস সাংবাদিকদের বলেছেন, এ ধরনের অস্ত্র এবং বোমা ইউক্রেনে পাঠানো যাবে না। চুক্তির বিষয়ে আমরা দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। এদিকে কানাডিয়ান সরকার বলছে, শিশুদের ওপর বোমার সম্ভাব্য প্রভাব নিয়ে তারা বিশেষভাবে উদ্বিগ্ন। কারণ এগুলো কখনও কখনও বহু বছর ধরে বিস্ফোরিত হয় না। কানাডা আরও বলেছে, ক্লাস্টার বোমা ব্যবহারের বিরুদ্ধে দেশটি ক্লাস্টার যুদ্ধাস্ত্র কনভেনশন সম্পূর্ণরূপে মেনে চলে। যুক্তরাষ্ট্র, ইউক্রেন এবং রাশিয়া ওই চুক্তিতে সই করেনি। আর তাই মস্কো এবং কিয়েভ উভয়ই যুদ্ধের সময় ক্লাস্টার বোমা ব্যবহার করেছে।

ক্লাস্টার বোমা কী?

ক্লাস্টার যুদ্ধাস্ত্র হলো একটি বোমা যা বাতাসে উন্মুক্ত হয় এবং বিস্তৃত এলাকাজুড়ে ছোট ছোট 'বোমা' ছিটিয়ে দেয়। বোমাগুলো একই সময়ে একাধিক লক্ষ্যবস্তুতে আঘাত করে, যেমন-ট্যাংক ও সামরিক সরঞ্জাম। যুদ্ধের জন্য যুক্তরাষ্ট্র এবং মিত্ররা ইতোমধ্যে ইউক্রেনকে যে কামানগুলো সরবরাহ করেছে-যেমন হাউইটজার-৩০ একটি সাধারণ ১৫৫ মিমি গোলার ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। ক্লাস্টার বোমার ভিত্তিও একই। ইতোমধ্যে যুদ্ধক্ষেত্রে এমন গোলার ব্যাপক ব্যবহার হচ্ছে। আগের যুদ্ধগুলোতে ক্লাস্টার বোমায় বোমার সংখ্যা ছিল বেশি। হাজার হাজার ছোট অবিস্ফোরিত বোমাগুলো তাজা অবস্থায় রয়ে যেত। নিক্ষেপের কয়েক দশক পরও এগুলো বিস্ফোরিত হয়ে মানুষকে হত্যা ও পঙ্গু করেছে। যুক্তরাষ্ট্র সর্বশেষ ২০০৩ সালে ইরাকের যুদ্ধে এই বোমা ব্যবহার করেছিল। সংঘাত জনবহুল স্থানে ছড়িয়ে পড়ার পর এগুলো ব্যবহার না করার সিদ্ধান্ত নেওয়া হয়। গত বৃহস্পতিবার মার্কিন ব্রিগেডিয়ার মো. জেনারেল প্যাট রাইডার বলেছেন, প্রতিরক্ষা দপ্তরের অস্ত্রশস্ত্রের একাধিক রূপ রয়েছে এবং আমরা যেগুলো দেওয়ার কথা বিবেচনা করছি সেগুলোর অবিস্ফোরণের হার ২ দশমিক ৩৫ শতাংশ।

সূত্র: বিবিসি

# পাঁচ কমান্ডারকে নিয়ে তুরস্ক থেকে দেশে ফিরলেন জেলেনস্কি



**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের সাবেক পাঁচ কমান্ডারকে তুরস্ক থেকে দেশে নিয়ে এসেছেন প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সাবেক এ কমান্ডাররা ইউক্রেনের মারিউপোল সেনাশিবিরে (গ্যারিসন) কর্মরত ছিলেন। আত্মসমর্পণের পর বন্দি হিসেবে তাদের তুরস্কে পাঠানো হয়েছিল। তুরস্ক সফর শেষে শনিবার জেলেনস্কি সাবেক পাঁচ কমান্ডারকে নিয়ে দেশে ফেরেন। আগের দিন গত শুক্রবার ইস্তাম্বুলে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের সঙ্গে সাক্ষাৎ করেন জেলেনস্কি। পরে তিনি বলেন, 'আমরা তুরস্ক থেকে দেশে ফিরছি। আমাদের নায়কদের দেশে নিয়ে আসছি।' গত বছর রাশিয়ার আক্রমণের সময় মারিউপোলের দক্ষিণ বন্দরের প্রতিরক্ষার নেতৃত্ব দিয়েছিলেন এ পাঁচ কমান্ডার। তারা আজভস্তাল ইস্পাত কারখানায় থেকে তিন মাসের তুমুল প্রতিরোধ লড়াইয়ে নেতৃত্ব দিয়েছিলেন। এর জেরে তারা ইউক্রেনে বীর হিসেবে পরিচিত পান। অবরোধের সময় রাশিয়ান বাহিনী যখন শহরটিকে ধ্বংস করে দেয়, তখন মারিউপোলের ভিতরে হাজার হাজার বেসামরিক লোক নিহত হয়। একপর্যায়ে ইউক্রেনীয় প্রতিরোধ যোদ্ধারা মারিউপোলের আজভস্তাল ইস্পাত কারখানার নিচে টানেল ও বাংকারে আটকা পড়েন। শেষ পর্যন্ত গত বছরের মে মাসে তাদের আত্মসমর্পণের নির্দেশ দেয় কিয়েভ। আঙ্কারার মধ্যস্থতায় গত বছরের সেপ্টেম্বরে এখানকার কিছু বন্দিকে বিনিময় করে মস্কো। তবে চুক্তিতে শর্ত ছিল, যুদ্ধ শেষ না হওয়া পর্যন্ত ইউক্রেনীয় এসব কমান্ডারকে তুরস্কেই থাকতে হবে। কিন্তু এখন তারা ছাড়া পেয়ে গেলেন। ইউক্রেনের সাবেক পাঁচ কমান্ডারকে দেশে ফিরিয়ে আনার ঘটনাটিকে কিয়েভের জন্য একটি বড় ধরনের প্রতীকী অর্জন হিসেবে দেখা হচ্ছে। এদিকে, ইউক্রেনের সাবেক পাঁচ কমান্ডারের মুক্তির নিন্দা জানিয়েছে রাশিয়া।

# দিল্লিতে ভারী বৃষ্টিতে ৯ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** গত ৪০ বছরে এমন বৃষ্টি দেখেনি দিল্লিবাসী। গত দুদিনের ভারী বৃষ্টিতে কমপক্ষে ৯ জনের মৃত্যু হয়েছে। প্রবল বৃষ্টিতে ভেসে গেছে রাজধানী। রাস্তাঘাট গত শুক্রবার থেকে জলমগ্ন ছিল। গত শনিবারও সারাদিন দিল্লিতে টানা বৃষ্টি হয়েছে। মুষলধারে বৃষ্টির কারণে এক দিনেই শহরের ১৫টি বাড়ি ভেঙে পড়েছে। ভারতীয় গণমাধ্যম এনডিটিভির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অফিস বলছে, আগামী কয়েকদিন আরও বৃষ্টি হতে পারে। দিল্লি, হরিয়ানা, হিমাচল প্রদেশ, উত্তরাখন্ড, রাজস্থান, পাঞ্জাব, জম্মু-কাশ্মীরে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতের আবহাওয়া দপ্তর (আইএমডি) পরিসংখ্যান বলছে, গত ২৪ ঘণ্টায় দিল্লিতে ১৫৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে। ১৯৮২ সালের পর থেকে জুলাই মাসে দিল্লিতে এত বৃষ্টি কখনও হয়নি। ৪০ বছরের নজির ভেঙে তুমুল বৃষ্টিতে ভেসে গেছে রাজধানী।শুক্রবার সন্ধ্যা থেকে দিল্লিতে বৃষ্টি শুরু হয়। সারারাত বৃষ্টি হওয়ার পর শনিবার সকালেও পরিস্থিতির কোনো পরিবর্তন হয়নি। ফলে সকাল থেকেই রাজধানীর অধিকাংশ এলাকা জলমগ্ন হয়ে পড়ে। শনিবার বৃষ্টি থামার পরিবর্তে তা আরও তীব্র হয়।

# গরমে নাজেহাল পশ্চিমবঙ্গ

**আন্তর্জাতিক ডেস্ক :** গত শনিবার পঞ্চায়েত নির্বাচনের পারদ এমনিতেই বেড়ে গিয়েছিল। সেই উত্তাপ দেখা গেছে আবহাওয়ার ক্ষেত্রেও। জুলাইয়ের শুরুতেও আবহাওয়ায় স্বস্তির দেখা নেই। ছিটেফোঁটা বৃষ্টিতে রাস্তা ভিজলেও স্বস্তি নেই কলকাতাসহ পুরো দক্ষিণবঙ্গে। ভ্যাপসা গরমে নাজেহাল দশা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়। গতকাল রোববার কলকাতাসহ পুরো দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ বাড়তে দেখা গেছে। এদিন সকাল থেকেই ভ্যাপসা গরমে হাঁসফাঁস অবস্থায় ছিল সাধারণ মানুষ। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী গতকাল রোববার কলকাতা শহরে কোন মাঝারি ও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। সেই সঙ্গে সারাদিন কলকাতার আকাশে থাকবে রোদের দাপট। ফলে তাপমাত্রা বেশি থাকবে বলে জানানো হয়। কলকাতার আলিপুর আবহাওয়া দপ্তরের সূত্রের খবর অনুযায়ী, গতকাল রোববার কলকাতার সবোর্চ্চ তাপমাত্রা থাকবে ৩৪ থেকে ৩৫ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৮ থেকে ২৯ ডিগ্রী সেলসিয়াস। আদ্রতাজনিত ভ্যাপসা গরমে নাজেহাল দশা থাকবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। এদিন কলকাতায় ভারী বৃষ্টিপাতের কোন সম্ভাবনা না থাকলেও বিকেলে সূর্য ডোবার সাথে সাথে কলকাতা সহ দক্ষিণবঙ্গের কোথাও কোথাও হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। কলকাতার মতো দক্ষিণবঙ্গের জেলাগুলোতে ভারী বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই।



# চীনের মধ্যাঞ্চলে ভূমিধস, নিখোঁজ ৯

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের মধ্যাঞ্চলীয় হুবেই প্রদেশে গত শনিবার মহাসড়কের পাশে একটি নির্মাণ কাজের স্থানে ভূমিধসের পর পাঁচজনকে উদ্ধার করা হয়েছে। এ দুর্ঘটনায় অপর নয়জন এখনও নিখোঁজ রয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ গতকাল রোববার একথা জানায়। খবর সিনহুয়া'র। উফেংয়ের তুজিয়া স্বায়ত্তশাসিত কাউন্টির ইউশান গ্রামে শনিবার বিকেল ৪ টার দিকে নির্মাণস্থানে ৫ লাখ ঘন মিটারেরও বেশি আয়তনের এই ভূমিধসটি হয়। গতকাল রোববার সকাল ৮টা পর্যন্ত কাউন্টির সর্বশেষ বিবৃতি অনুসারে, মোট পাঁচজনকে উদ্ধার করা হয়েছে। জরুরী ব্যবস্থাপনা মন্ত্রণালয় ভূতাত্ত্বিক বিপর্যয়ের জন্য চার মাত্রার জরুরী প্রতিক্রিয়া জারি করেছে এবং জরুরী ব্যবস্থাপনা পরিচালনার জন্য ঘটনাস্থলে একটি কর্মী দল পাঠিয়েছে। স্থানীয় অনুসন্ধান ও উদ্ধার অভিযানে নির্দেশনা ও সহায়তা প্রদানে আহ্বান জানানো হয়েছে, গৌণ দুর্যোগ প্রতিরোধ এবং উদ্ধারকারীদের নিরাপত্তা নিশ্চিত করে আহতদের চিকিৎসা ও হতাহতের সংখ্যা কমানোর জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। মন্ত্রণালয় বলেছে, কারণ সনাক্তকরণ, ঝুঁকি পর্যবেক্ষণ, তদন্ত জোরদার এবং জনগণের জীবন ও সম্পত্তির নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার উদ্যোগ নেয়া হবে। মন্ত্রণালয় জাতীয় ফায়ার রেসকিউ ফোর্সের ১৩৯ জন সদস্য ও ৩২টি যানবাহনের পাশাপাশি জাতীয় সুরক্ষা উৎপাদন জরুরী উদ্ধারকারী দলকে, পেশাগত সরঞ্জামসহ উদ্ধার অভিযান চালানোর জন্য ঘটনাস্থলে প্রেরণ করেছে।

# ইরানে পুলিশ স্টেশনে হামলা, নিহত ৬

**আন্তর্জাতিক ডেস্ক :** ইরানের দক্ষিণপূর্বাঞ্চলীয় সিস্তান-বেলুচিস্তান প্রদেশে গত শনিবার এক পুলিশ স্টেশনে গ্রেনেড হামলার ঘটনা ঘটেছে। এরপর হামলাকারী ও নিরাপত্তাবাহিনীর মধ্যে গোলাগুলি হয়েছে। এতে ইরানের দুইজন পুলিশ সদস্য নিহত হয়েছে। সেইসঙ্গে চার সন্ত্রাসী নিহত হয়েছে বলে দেশটির স্থানীয় সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে। তবে এ হামলার দায় এখন পর্যন্ত কেউ স্বীকার করেনি বলে প্রতিবেদনে বলা হয়েছে। প্রদেশটির নিরাপত্তা উপপ্রধান আলিরেজা মারহামতির বরাত দিয়ে দেশটির রাষ্ট্রীয় সম্প্রচার মাধ্যম আইআরআইবি বলেছে, চারজন অজ্ঞাত সশস্ত্র হামলাকারী জাহেদানের ১৬ নম্বর পুলিশ স্টেশনে হামলা চালিয়ে প্রবেশ করে। মারহামতি বলেছেন, হামলাকারীরা ওই পুলিশ স্টেশনে গ্রেনেড বিস্ফোরণ ঘটিয়ে দরজা খুলে। এতে পুলিশ ও তাদের মধ্যে গোলাগুলি হয়েছে।

# সুদানে বিমান হামলায় নিহত ২২

**আন্তর্জাতিক ডেস্ক :** সংঘাতময় সুদানের রাজধানী সংলগ্ন শহর ওমদুরমানে দেশটির সেনাবাহিনীর বিমান হামলায় কমপক্ষে ২২ জন নিহত এবং আরও অনেকের আহত হওয়ার খবর এসেছে। গত শনিবার দেশটির খার্তুম প্রদেশের স্বাস্থ্য মন্ত্রণালয় হতাহতের এ খবর দিয়েছে বলে জানিয়েছে রয়টার্স। রাজধানী খার্তুম ও এর পার্শ্ববর্তী তিন শহরের অন্যতম ওমদুরমানের নিয়ন্ত্রণ রয়েছে আধা সামরিক বাহিনী আরএসএফের (র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস) কাছে। পাশের আরেক শহর বাহরির নিয়ন্ত্রণও তাদের হাতে। সেনাবাহিনী নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার চেষ্টায় সেখানে বিমান হামলা চালাচ্ছে; গোলাবর্ষণও করছে। ক্ষমতা দখলকে কেন্দ্র করে সেনাবাহিনী ও এই আধা সামরিক বাহিনীর লড়াই থেকে শুরু হওয়া বিশৃঙ্খল পরিস্থিতি এখন সশস্ত্র লড়াইয়ে রূপ নিয়েছে, যা ১২ সপ্তাহ ধরে চলছে। রয়টার্স লিখেছে, গত ১৫ এপ্রিল সেনাবাহিনীর সঙ্গে সশস্ত্র সংঘাতের পর আরএসএফ রাজধানীসহ আশেপাশের শহরে দ্রুত আধিপত্য বিস্তার করে। এরপর থেকে নিয়মিত বিমান হামলা করছে দেশটির সশস্ত্র বাহিনী (এসএএফ)। রয়টার্স জানিয়েছে, এরই ধারাবাহিকতায় ওমদুরমান গত কয়েক দিন ধরে সশস্ত্র সংঘাতের কেন্দ্রে পরিণত হয়েছে। এর কারণ দারফুর থেকে নগরীটির পশ্চিমাংশ দিয়ে আরএসএফের অস্ত্র ও সামরিক সরঞ্জাম সরবরাহের পথ রয়েছে। গত শুক্রবার ওমদুরমানের পূর্ব অংশে রাষ্ট্রায়ত্ত সম্প্রচারমাধ্যম প্রতিষ্ঠানের কমপ্লেক্সে রাতভর হামলা হয়েছে। ওই রাতে রাজধানী খার্তুমের দক্ষিণ ও পূর্ব অংশেও বিমান হামলা চালানো হয়। সিরিয়ার সেনাবাহিনী এসএএফের এক ফেইসবুক পোস্টে ২০ বিদ্রোহী সেনাকে হত্যা করার কথাও জানানো হয়। এতে আরএসএফের অস্ত্র ধ্বংস করে দেওয়ার দাবিও করা হয়। দুই বাহিনীর মধ্যে সংঘাত থামিয়ে রক্তক্ষয় বন্ধে কয়েকদফা যুদ্ধবিরতির ঘোষণা এলেও তা কাজে আসছে না। এতে করে পূর্ব আফ্রিকার দেশটিতে গৃহযুদ্ধ ছড়িয়ে পড়ার শঙ্কা দেখা দিয়েছে। তিন মাস ধরে চলা এসএএফ ও আরএসএফের লড়াইয়ে রাজধানী খার্তুম ও আশপাশের আবাসিক এলাকাগুলো যুদ্ধক্ষেত্রে পরিণত হওয়ায় বন্ধ হয়ে গেছে নাগরিক পরিষেবা। সুদানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে রয়টার্স জানিয়েছে, পশ্চিম দারফুরে জাতিগত সহিংসতার পাশাপাশি দুই বাহিনীর সংঘর্ষ খার্তুম, করদোফান ও দারফুরে ছড়িয়ে পড়ায় এখন পর্যন্ত কমপক্ষে এক হাজার ১৩৩ জনের মৃত্যু হয়েছে। তিন মাসের এ লড়াই এরইমধ্যে আনুমানিক ২৯ লাখ লোককে বাড়িঘর ছাড়তে বাধ্য করেছে। বিদেশিরা দেশটি ছেড়ে চলে গেছে।



# লস এঞ্জেলেসে প্রাইভেট জেট বিধ্বস্ত, নিহত ৬

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের লস এঞ্জেলেসের কাছে একটি বিমানবন্দরের বাইরে মাঠের মধ্যে আছড়ে পড়ার পর আগুন ধরে যাওয়া ছোট একটি জেট বিমানের ৬ আরোহীর সবাই নিহত হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। গত শনিবার স্থানীয় সময় ভোর সোয়া ৪টার দিকে লস এঞ্জেলেসের ১৩৭ কিলোমিটার দক্ষিণে রিভারসাইড কাউন্টির ফ্রেঞ্চ ভ্যালি বিমানবন্দরের কাছে এ সেসনা সি৫৫০ ব্যবসায়িক জেটটি আছড়ে পড়ে বলে বিবৃতিতে জানিয়েছে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় বিমান চলাচল প্রশাসন। বিমানটি লাস ভেগাস থেকে রওনা হয়েছিল; পাইলটসহ নিহত আরোহীদের সবাই প্রাপ্তবয়স্ক, যুক্তরাষ্ট্রের পরিবহন নিরাপত্তা কর্তৃপক্ষের তদন্ত কর্মকর্তা এলিয়ট সিম্পসন এক সংবাদ ব্রিফিংয়ে এমনটা বলেছেন বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। ব্যক্তি-মালিকানাধীন ওই বিমানটি ছোট বিমানবন্দরের রানওয়ে থেকে ৩০০ ফুট দূরে আছড়ে পড়ে, বলেছেন সিম্পসন।

## বিনোদন

# বিগ বসের সময়সীমা বাড়ল

**বিনোদন ডেস্ক :** ভারতীয় টেলিভিশন শোয়ের মধ্যে সবচেয়ে জনপ্রিয় শো বিগ বস। গত এক যুগ ধরেই শো'টির সঞ্চালনার দায়িত্বে আছেন বলিউড ভাইজান সালমান খান। টিভিতে জনপ্রিয়তার কথা মাথায় রেখে ওটিটিতেও আয়োজন করা হয়েছে বিগ বস। এর আগে প্রথম সিজন সম্পন্ন হয়েছে ওটিটিতে। এবার দ্বিতীয়বারের মতো ওটিটি দর্শকদের বিনোদন দিচ্ছে বিগ বস। এমনকি দর্শকপ্রিয়তার কথা মাথায় রেখে বাড়ানো হয়েছে 'বিগ বস ওটিটি সিজন ২'-এর সময়সীমা। আরও ১৫ দিন বিগ বস দেখতে পাবেন ওটিটির দর্শকরা। দর্শকদের এই সুখবর শুনিয়েছেন শো'টির সঞ্চালক সলমন খান। বিগ বসের মেয়াদ আরও ২ সপ্তাহ বাড়ানো প্রসঙ্গে সালমান খান বলেন, "এটা কি এখনও ছয় সপ্তাহ অথবা সম্ভবত এটি আট সপ্তাহ বাড়ানো হবে। ওটার মানে কি? তার মানে শোটি দুই সপ্তাহের জন্য বাড়ানো হয়েছে। তার মানে মানুষ এটা দেখতে পছন্দ করছেন। বিগ বস ওটিটি ২-এর প্রথম দুই সপ্তাহে শো'টি ৪০০ কোটি মিনিট দেখেছে দর্শকরা। আপনাদেরকে (প্রতিযোগীদের) আমার থেকেও বেশি দেখা যাচ্ছে। তাই এই মৌসুম আরও দুই সপ্তাহ বাড়ানো হয়েছে।" বলিউড দাবাং আরও বলেন, "এখন আপনার (প্রতিযোগীর উদ্দেশ্যে) দায়িত্ব এটা নিশ্চিত করা যাতে লোকেরা এটিকে আরও বেশি পছন্দ করেন, এটা আরও বেশি করে দেখেন। আপনাদের প্রত্যেকের নিজের কাজ করা দরকার, অন্য কারোর নয়। এটিই হল শিল্প নিয়ে আমাদের ইন্ডাস্ট্রির মূল কথা। আপনাকে কেবল নিজের উপর নজর দিতে হবে। আপনার চুল, আপনার পোশাক, আপনার বুদ্ধি, আপনার শরীর, আপনার মেকআপ, আপনি শুধুমাত্র আপনার নিজের জন্য ব্যস্ত থাকুন। অন্য কোনো ব্যবসা, শিল্প বা কাজ নয়, নিজেকে নিয়ে মাথা ঘামান।" 'বিগ বস ওটিটি ২' এই বছর 'জিও সিনেমা'তে স্ট্রিম হচ্ছে। সালমান খান প্রথমবারের মতো রিয়েলিটি শো'টির ওটিটি সংস্করণ সঞ্চালনা করছেন। বিগ বস ওটিটির প্রথম সিজন করণ জোহর সঞ্চালনা করেছিলেন এবং সেই বছর শো জিতেছিলেন দিব্যা আগারওয়াল। সূত্র : হিন্দুস্তান টাইমস

# এবার এক মঞ্চে ৩০ ব্যান্ড

**বিনোদন ডেস্ক :** আগামী ১৩, ১৪ ও ১৫ জুলাই ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) এর হল ৩ এবং হল ৪ এ তিন দিনব্যাপী অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের সবচেয়ে বড় পপ কালচার ফেস্টিভ্যাল 'ঢাকা সামার কন ২০২৩'। ঢাকা সামার কনের এক মঞ্চেই পারফর্ম করবে ৩০টি ব্যান্ড। তিন দিনব্যাপী এই কনসার্টে প্রথম দিন পারফর্ম করবে আটটি ব্যান্ড।এগুলো হলো- 'ওল্ড ঢাকা ডায়েরিস', 'ফিরোজ জং', 'ইন্দালো', 'বাংলা ফাইভ', 'লেভেল ফাইভ', 'ওউনড', 'অড সিগনেচার', 'ড্যাডস ইন দ্য পার্ক'। এছাড়া পরিবেশনায় থাকছে হাতিরপুল সেশনস, কে-পপ পারফরম্যান্স, রায়হান ইসলাম শুভ প্রমুখ। দ্বিতীয় দিন পারফর্ম করবে 'মেসিয়ানিক এরা', 'নেইভ', 'এনকোর', 'সাবকনশাস', 'আফটারম্যাথ', 'সোনার বাংলা সার্কাস', 'অ্যাশেজ', 'ব্রক্ষপুত্র', 'ক্রিপটিক ফেইট' ও 'আর্টসেল'। এছাড়া এদিন কে-পপ পরিবেশনা ও র?্যাপ ব্যাটেলও থাকছে আকর্ষণ হিসেবে। শেষ দিনের পরিবেশনায় থাকছে 'আপেক্ষিক', 'মেকানিক্স', 'কার্নিভাল', 'ব্ল্যাক', 'আরবোভাইরাস', 'অ্যাভয়েড রাফা' ও 'ওয়ারফেইজ' ব্যান্ডগুলো। পাশাপাশি পারফর্ম করবেন এ কে রাহুল, ব্ল্যাক জ্যাং ও শাফায়েত। 'ঢাকা সামার কন' শুধু কনসার্ট নয়, বরং পপ কালচারের উৎসব। এখানে গান পরিবেশনার পাশাপাশি আরও অনেক আয়োজন থাকছে। যেমন- কসপ্লে প্রতিযোগিতা, কমিক বই, এক্সপেরিয়েন্স জোন, কিডস জোন, হিপ পপ, কে-পপ, গেমিং, ফুড জোন, প্যানেল আলোচনা ইত্যাদি।



# অপুর 'লাল শাড়ি'তে তারকার মেলা

**বিনোদন ডেস্ক :** ঈদুল আজহায় দেশের ১১টি প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে অপু বিশ্বাস অভিনীত ও প্রযোজিত সিনেমা 'লাল শাড়ি'। অপু-জয় প্রডাকশন হাউসের প্রথম প্রযোজিত সিনেমাটি দেখতে এবং শুভ কামনা জানাতে প্রেক্ষাগৃহে জড়ো হচ্ছেন তারকারা। শুক্রবার সিনেমাটির বিশেষ প্রদর্শনী হয়েছে রাজধানীর যমুনা ব্লকবাস্টার সিনেমাসে। বিশেষ এই শো দেখতে এ সময় প্রেক্ষাগৃহে লাল শাড়ি পরে উপস্থিত হন চিত্রনায়িকা অঞ্জনা, নিপুণ সহ আরও অনেক তারকা। সিনেমা দেখতে আরও এসেছিলেন বিশ্বরঙের কর্ণধার বিপ্লব সাহা, প্রার্থনা ফারদিন দীঘি সহ আরও তারকা ব্যক্তিত্ব ও চলচ্চিত্রের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। শো শেষে চিত্রনায়িকা অঞ্জনা সংবাদ মাধ্যমে জানান, লাল শাড়ির গল্প অনেক সুন্দর। অভিনয়ও অনেক ভালো হয়েছে। অপুর জন্য শুভ কামনা। শো দেখতে আসা বিশেষ মুহূর্তের কিছু ভিডিও নিজের ফেসবুকে পেজে পোস্ট করেন অপু। শনিবার রাতে ৫ মিনিট ২ সেকেন্ডের সেই ভিডিওতে দেখা যাচ্ছে বিশেষ এই শোতে ছিল তারকাদের উপচে পড়া ভিড়। এদিকে সহকর্মীদের এত ভালোবাসা পেয়ে সিক্ত অপু জানান, প্রথম প্রযোজিত সিনেমা হওয়ায় আবেগ বেশি কাজ করছে। খুব ভালো লাগছে আমার ডাকে আমার সহকর্মীদের অনেকেই এসেছেন। দর্শকরাও হলে গিয়ে আমার ছবি দেখেছেন। তাদের ভালোবাসাই আমাকে সাহস জুগিয়েছে। বন্ধন বিশ্বাস পরিচালিত৩লাল শাড়ি সিনেমায় অপু বিশ্বাসের বিপরীতে অভিনয় করেছেন সাইমন সাদিক। সিনেমায় আরও আছেন শহীদুজ্জামান সেলিম ও দিলরুবা দোয়েল।

# হিন্দি বলে চমকে দিলেন টম ক্রুজ

**বিনোদন ডেস্ক :** হলিউড অভিনেতা টম ক্রুজের 'ইমপসিবল' বলে কিছু নেই। অকপটে হিন্দি ভাষায় কথা বলে এবার তেমন প্রমাণই দিলেন এই অভিনেতা। ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে সেই ভিডিও ছড়িয়ে পড়লে তা দেখে মুগ্ধ নেটিজেনরা। হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, বুধবার ভারতে মুক্তি পাবে টম অভিনীত সিনেমা 'মিশন ইমপসিবল: ডেড রেকনিং পার্ট ওয়ান'। সম্প্রতি সিনেমাটির প্রচারে এক গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন হলিউডের এই হার্টথ্রব। অনুষ্ঠানের এক পর্যায় সঞ্চালক অভিনেতাকে বলেন, আপনার কাছে কোনো কিছুই তো৩ইমপসিবল৩ নয়। আপনি খুব ভালো ফ্রেঞ্চ বলতে পারেন। আমি ভাবছিলাম, এবার লোকটা আমার সঙ্গে হিন্দি বলতে শুরু করবে নাকি! তার মুখের কথা শেষ না হতেই জবাবে টম বলেন, আপনি চাচ্ছেন আমি হিন্দি বলি, অবশ্যই বলব। এরপরই সঞ্চালক টম ক্রুজকে বলেন, নমস্তে, আপ ক্যায়সে হ্যায়? তাকে অনুকরণ করে একই কথা বলে ওঠেন হলিউডের এই সুপারস্টার। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওটিতে পছন্দের তারকার মুখে হিন্দি শুনে ভীষণ মুগ্ধ হয়েছেন নেটিজেনরা।

# অবশেষে মুক্তি পাচ্ছে 'অন্তর্জাল'

**বিনোদন প্রতিবেদক :** ঈদে মুক্তির কথা থাকলেও শেষ সময়ে এসে সরে যায় বহুল প্রতীক্ষিত দীপংকর দীপন পরিচালিত ছবি 'অন্তর্জাল'। এবার এই ছবি মুক্তির নতুন তারিখ চূড়ান্ত করলেন নির্মাতা। রোববার দুপুরে দীপন জানান, অন্তর্জাল আগামী ৮ সেপ্টেম্বর দেশব্যাপী মুক্তি পাবে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে নির্মাতা বলেন, বাংলাদেশের প্রথম সাইবার থ্রিলার চলচ্চিত্র অন্তর্জাল এবারের ঈদে আসবার কথা ছিল- সেই সাথে কথা ছিল একই সাথে অনেক গুলো দেশে মুক্তি পাবার। শেষ সপ্তাহে আমরা সেই জায়গা থেকে সরে আসি দুটি কারণে- ১. আমরা চেয়েছি সবগুলো সিনেমা ব্যবসা করুক ২. বাংলাদেশের সিনেমাহলের ব্যবসা ঈদ কেন্দ্রীক না হয়ে সারা বছরের হোক, নয়তো সিনেমা হল টিকে থাকতে পারবে না। বৃহত্তর স্বার্থ চিন্তা আমাদের পরিবেশক ও অন্যান্য পার্টনাররা ক্ষতি স্বীকার করে এই সিদ্ধান্ত বাস্তবায়ন করেছে। দীপন বলেন, সব দিক মাথায় রেখে আমরা অন্তর্জাল মুক্তির তারিখ চূড়ান্ত করেছি ৮ সেপ্টেম্বর। বড় ক্যানভাস সিনেমায় ডিল করার যে ধারা তিনি 'ঢাকা অ্যাটাক ও অপারেশন সুন্দরবন দিয়ে শুরু করেছেন - সেই ট্রিলজির শেষ ছবি অন্তর্জাল। এমনটাই জানান দীপন। দীপন বলেন, অন্তর্জালকে আগের দুটো ছবির চেয়ে বড় ও পূর্ণাঙ্গ করে তুলতে কোন কার্পণ্য করিনি আমরা। প্রযোজক সাদেকুল আরেফিন, মোহাম্মদ আলী হায়দার ও শাহ আমীর খসরু এই সিনেমা নির্মাণে অর্থ, সময় ও মেধা ব্যয় করেছেন দীর্ঘ সময় ধরে। অন্তর্জালের অভিনয় শিল্পীরা দীর্ঘদিন এই সিনেমার জন্য পরিশ্রম করেছেন- প্রস্তুতি নিয়েছেন- চরিত্রের সাথে মিশে যাবার জন্য গবেষণা ও রিহার্সাল করেছেন। জাতীয় পুরস্কারপ্রাপ্ত তিনজন অভিনয় শিল্পী এই সিনেমার কেন্দ্রীয় চরিত্রে আছেন- সিয়াম আহমেদ, বিদ্যা সিনহা সাহা মীম, সুনেরাহ বিনতে কামাল- যারা ইতোমধ্যে মেধাবী অভিনয় শিল্পী হিসাবে প্রমানিত। তাদের সাথে এই সিনেমার পর্দাকে আলোকিত করেছে ঢাকা অ্যাটাক খ্যাত এবিএম সুমন। সাথে কিটো ভাই মাশরুর এনান, অমিত সিনহা, রওনক হাসান, মোহাম্মদ আলী হায়দার - যারা তাদের অভিনয় প্রতিভা দিয়ে দর্শকদের মুগ্ধ করবেন বলে আমাদের বিশ্বাস। দর্শকের উদ্দেশে নির্মাতা বলেন, এবার ঈদে বাংলা সিনেমার প্রতি আপনারা যে ভালবাসা দেখিয়েছেন- তার জন্য আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞ। সেই ভালবাসায় সিক্ত হতে চাই আমরা।





# 'সুড়ঙ্গ' দেখতে এসে 'প্রিয়তমা'র প্রশংসায় মাহি

**বিনোদন প্রতিবেদক :** চিত্রনায়িকা মাহিয়া মাহি বর্তমানে রাজনীতি ও নিজের সদ্যোজাত সন্তান নিয়েই ব্যস্ত। আবার তিনি ফিরছেন সিনেমার উঠানে। শনিবার 'সুড়ঙ্গ' সিনেমার একটি বিশেষ প্রদর্শনীর আয়োজন ছিল। এখানে আমন্ত্রণ জানানো হয় গণমাধ্যমকর্মী ও নির্দিষ্ট ব্যক্তিদের। এখানে উপস্থিত হন নায়িকা মাহি। এই আয়োজনেই শাকিব খানের প্রিয়তমা সিনামের বন্দনা গাইলেন ঢাকাই ছবির জনপ্রিয় অভিনেত্রী। 'প্রিয়তমা' সিনেমায় কী দারুণভাবে উপস্থাপন করা হয়েছে! সেটা অবাক হওয়ার মতোই। আমরা হলিউড বা বলিউড সিনেমার নায়কদের দেখি- তারা একেক সময় একক লুকে ধরা দেন। শাকিব ভাই তেমনটিই করেছেন। এ ছাড়া এই সিনেমার গানগুলোও অনেক সুন্দর হয়েছে।

আমি 'ঈশ্বর' শিরোনামের গানটি যে কতবার দেখেছি তার হিসাব নেই। আমাদের সিনেমা ইন্ডাস্ট্রি বাঁচাতে এমন সিনেমাই দরকার। 'অগ্নি'খ্যাত এই নায়িকা বলেন, "রাজনীতি ও মা হওয়ার কারণে অনেক দিন সিনেমা সংশ্লিষ্ট বিষয় থেকে দূরে ছিলাম। ফের সিনেমা রিলেটেড অনুষ্ঠানগুলোতে হাজির হচ্ছি। অনেক দিন পর 'সুড়ঙ্গ' সিনেমা দেখতে এসে মনে হয়েছে এটা আমার পরিবারের অংশ। যেহেতু এখন আবার সিনেমা রিলেটেড অনুষ্ঠানগুলোর সঙ্গে যুক্ত হচ্ছি। কিছু গল্প হাতে আছে। দেখছি, কোনটা দিয়ে কাজ শুরু করা যায়। শিগগিরই কাজে ফিরব।"

সেখানে সন্তান জন্মের পর জীবন পাল্টে যাওয়ার কথাও জানালেন মাহি। বললেন, 'বেবি আসার পর সব কিছু পাল্টে গেছে। আগে যেভাবে জীবন যাপন করতাম, বলা চলে সেটা ৫০ শতাংশই পরিবর্তন হয়েছে। তবে খুব ভালো লাগে। আগের লাইফটা আগের মতো উপভোগ করতাম, এখনকার লাইফ এখনকার মতো উপভোগ করি। রোজার ঈদ থেকেই আমার সন্তানদের সঙ্গে ঈদ শুরু হয়েছে। আমার অগ্রাধিকার অনেক কমে গেছে। এখন ওর জন্যই সব কিছু করা হয়'। প্রসঙ্গত, সম্প্রতি চাঁপাইনবাবগঞ্জে বিএনপির ছেড়ে দেওয়া আসনে সংসদ সদস্য পদে নির্বাচন করতে আওয়ামী লীগের মনোনয়নও সংগ্রহ করেছিলেন তিনি। তবে শেষ পর্যন্ত তাতে সায় দেয়নি দল।




# সাউথ এশিয়ায় সেরা 'সিটি অব লাইট'

**বিনোদন ডেস্ক :** সাউথ এশিয়ান শর্ট ফিল্ম ফেস্টিভ্যালের সাউথ এশিয়া থেকে নির্বাচিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও ডকুমেন্টারি নিয়ে পাঁচদিনের ষষ্ঠ আসর বসেছিলো কলকাতার চলচ্চিত্রের প্রাণকেন্দ্র নন্দনে। শনিবার সমাপনী অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্রের নাম ঘোষণা করা হয়। পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্রের নামের তালিকায় স্থান পায় 'সিটি অব লাইট' ফিল্মটি। বাংলার প্রান্তিক নারী জীবনের সাথে নাগরিক জীবনের যে সম্পর্ক সেই সম্পর্কের মধ্য দিয়ে আলোর শহরের অদেখা অন্ধকার দিককে তুলে ধরা হয়েছে এ সিনেমার গল্পে। ফেস্টিভ্যালে দর্শকের ভূয়সী প্রসংশার পাশাপাশি জুরি বোর্ডের প্রসংশা অর্জন করে সিনেমাটি। পুরস্কার প্রাপ্তির ব্যাপারে নির্মাতা শাহাদাত রাসএল বলেন, "প্রতিটি সম্মাননা আগামীর কাজের সাহস ও শক্তি যোগায়। পাশাপাশি দায়বদ্ধতা তৈরি করে আরও ভালো কিছু করার। সাউথ এশিয়ান শর্ট ফিল্ম ফেস্টিভ্যাল একটি আলোচিত ও সম্মানজনক ফেস্টিভ্যাল।

## হারিয়েছে

আমি মোঃ রাজীব হাসান, পিতা-মোঃ লিয়াকত আলী, মাতা-সুফিয়া খাতুন, গ্রাম-বিষ্ণুদিয়া, উপজেলা-শৈলকুপা, জেলা-ঝিনাইদহ। আমার এসএসসি ও এইচএসসি পাশের সার্টিফিকেট হারিয়েছে। এসএসসি'র রেজি নং-৬০৫২৪৩, শিক্ষাবর্ষ-২০০৭-২০০৮, সাল-২০০৯, বিভাগ-মানবিক, এইচএসসি রেজি নং-২৬২৮৬৩, শিক্ষাবর্ষ-২০০৯-২০১০, সাল-২০১১, বিভাগ-মানবিক, উভয় শিক্ষাবোর্ড-যশোর। শৈলকুপা থানার জিডি নং-৪৫৯ ও ৪৬০। তারিখ-০৯/০৭/২০২৩ ইং।

মোঃ রাজীব হাসান